# বার্ষিক প্রতিবেদন

## ২০১৬-২০১৭



জাতীয় আরকাইভস ভবন




জাতীয় গ্রন্থাগার ভবন

## আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর


### সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন

## ২০১৬-২০১৭



জাতীয় আরকাইভস ভবন



জাতীয় গ্রন্থাগার ভবন

## আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

### সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এর

# বার্ষিক প্রতিবেদন

## ২০১৬-২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## সার্বিক তত্ত্বাবধানে

**নিতাই পদ দাস**
পরিচালক
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

## সম্পাদনা পরিষদ

তাহ্‌মিনা আক্তার, উপপরিচালক (আ.) চলতি দায়িত্ব
মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার

## ডিজাইন ও প্রচ্ছদ

মোঃ আশরাফুল ইসলাম, কম্পিউটার অপারেটর

## সহযোগিতায়

মোখলেছুর রহমান, সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আ.)
মোঃ শামীম আহম্মেদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

## প্রকাশনায়

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

প্রকাশকাল: ডিসেম্বর ২০১৭

## মুদ্রণে




আসাদুজ্জামান নূর, এমপি
মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


# বাণী

একটি প্রতিষ্ঠানের এক বছরের কর্মযজ্ঞ বিবৃত হয় বার্ষিক প্রতিবেদনে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন পুস্তক আকারে প্রকাশ করছে জেনে আমি আনন্দিত। আমি এ নন্দ্য উদ্যোগকে স্বাগত জানাই।

বাঙালির হাজার বছরের ইতিহাস-ঐতিহ্য ও সাহিত্য-সংস্কৃতির মূল্যবান উপাদান সংরক্ষণের লক্ষ্যে ১৯৭২ সালে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর প্রতিষ্ঠা করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০১ সালে বর্তমান জাতীয় আরকাইভস ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনের মাধ্যমে পিতার স্বপ্নের সফল বাস্তবায়ন করেন। অধিদপ্তরের যাবতীয় কার্যক্রম আন্তর্জাতিক গুরুত্ববাহী দুটি প্রতিষ্ঠান তথা জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার এর মাধ্যমে পরিচালিত হয়। পুরোনো কালেক্টরেট রেকর্ডস, কেবিনেট রেকর্ডস ও বিভিন্ন মন্ত্রণালয়ের নথি সংগ্রহ ও সংরক্ষণ করে জাতীয় আরকাইভস। এছাড়া তুলট কাগজের নথি, তালপাতার নথি, জেমস রেনেলের ম্যাপ, মাস্টার দ্যা সূর্যসেন মামলার রায়ের কপি, ভাষা আন্দোলন এবং মহান মুক্তিযুদ্ধসহ ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন নথিপত্র রয়েছে জাতীয় আরকাইভসে। সত্য উদঘাটনে ও নির্ভুল ইতিহাস অনুসন্ধানে আরকাইভাল নথিপত্রের বিকল্প নেই। সংরক্ষিত এসব নথিপত্র ইতিহাসের মূল্যবান উপাদান হিসেবে মুক্তিযুদ্ধসহ আমাদের সোনালী অতীতকে স্মরণ করিয়ে দেয়।

সৃজনশীল কর্মের স্রষ্টাদের মূল্যবান সৃষ্টকর্ম সংরক্ষিত আছে বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারে। বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে এখানে সংগ্রহ ও সংরক্ষণ করা হয় বই-পুস্তক, পত্রপত্রিকা, পাণ্ডুলিপিসহ অন্যান্য তথ্য ও জ্ঞানসামগ্রী। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে ইতোমধ্যে অটোমেশন ও ডিজিটাইজেশন কার্যক্রম শুরু হয়েছে। সংরক্ষিত তথ্য ভাণ্ডারের পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রণয়ন ও অনলাইন তথ্য সেবাদান সময়ের দাবি। অধিদপ্তর সুচারুরূপে তা করতে পারবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

জ্ঞানভিত্তিক ও তথ্যভিত্তিক সমাজ বিনির্মাণে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর যথাযথ ভূমিকা পালন করবে বলে আমি মনে করি। পরিশেষে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের সাথে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

আসাদুজ্জামান নূর, এমপি
২৮.১২.১৭



সচিব
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৩ পৌষ ১৪২৪
২৭ ডিসেম্বর ২০১৭

# বাণী

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক ২০১৬-২০১৭ অর্থবছরের সম্পাদিত সার্বিক কর্মকাণ্ড পুস্তিকা আকারে প্রকাশের উদ্যোগকে আমি সাধুবাদ জানাই।

জাতির ইতিহাস-ঐতিহ্য, শিক্ষা-সাহিত্য ও সংস্কৃতি চর্চার মূল্যবান তথ্য-উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং তথ্য সেবাদানের উপযোগী করে তোলার মতো গুরু দায়িত্ব পালন করে আসছে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।

অধিদপ্তরভুক্ত জাতীয় আরকাইভস প্রতিষ্ঠালগ্ন থেকেই দেশের ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন সরকারি-বেসরকারি দলিল-দস্তাবেজ, নথিপত্র ইত্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করে তথ্যসেবা প্রদান করে আসছে। একইভাবে মৌলিক ও সৃজনশীল সকল নতুন প্রকাশনা সংগ্রহের পাশাপাশি, পত্র-পত্রিকা, সাময়িকী এবং বিশ্বমানের সর্বশেষ প্রকাশনা সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ করে জাতীয় সংগ্রহশালা গড়ে তোলার মাধ্যমে পাঠক, গবেষকদের সর্বশেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করে যাচ্ছে। বর্তমান সরকারের 'রূপকল্প-২০২১' বাস্তবায়নকল্পে অধিদপ্তরকে ডিজিটাল ব্যবস্থাপনায় পরিচালিত করার নিরন্তর প্রচেষ্টা অব্যাহত আছে।

বছরব্যাপী কর্মকাণ্ড ও প্রতিবেদন প্রকাশের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে প্রাতিষ্ঠানিক সক্ষমতা, কর্মদক্ষতা, সফলতা-ব্যর্থতার মূল্যায়নে, ডিজিটাইজেশন কার্যক্রম ত্বরান্বিতকরণে, ভবিষ্যৎ কর্মপন্থা নিরুপণে এবং অগ্রগতি অর্জনে নির্ণায়কের ভূমিকা পালন করবে এ প্রতিবেদন। আমার প্রত্যাশা পরবর্তী বার্ষিক প্রতিবেদন আরো বেশি সাফল্য নিয়ে নতুন অবয়বে প্রকাশিত হবে।

(মোঃ ইব্রাহীম হোসেন খান)
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়



# মুখবন্ধ

কোনো প্রতিষ্ঠানের বছরব্যাপী সম্পাদিত কর্মকাণ্ডকে দর্পণের ন্যায় প্রতিফলিত করে বার্ষিক প্রতিবেদন। যার মাধ্যমে প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়। দায়বদ্ধতা ও জবাবদিহিতার সেই বোধ থেকেই আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের ২০১৬-২০১৭ অর্থবছরের কার্যক্রমভিত্তিক একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

জাতীয় সাহিত্য-সংস্কৃতির মূল্যবান মুদ্রিত উপাদান ও গুরুত্বপূর্ণ নথিপত্র সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণপূর্বক তথ্যসেবাদানই মূলত অধিদপ্তরের কাজ। অধিদপ্তরের যাবতীয় কার্যক্রম দুটি উইং তথা জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারের মাধ্যমে পরিচালিত হয়। জাতীয় সাহিত্য-সংস্কৃতির ধারক ও বাহক হচ্ছে জাতীয় গ্রন্থাগার। রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ নথিপত্রের আইনগত রক্ষক হলো জাতীয় আরকাইভস। এ প্রতিবেদনে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের সংক্ষিপ্ত পরিচিতি, উইংভিত্তিক কার্যাবলি, ২০১৬-২০১৭ অর্থবছরে সম্পাদিত কর্মকাণ্ডকে সংক্ষেপে তুলে ধরা হয়েছে। অধিদপ্তরের বিভিন্ন সেবা কার্যক্রমের প্রচার-প্রসারের মাধ্যমে সেবাপ্রত্যাশীদের সাথে প্রাতিষ্ঠানিক সম্পর্ক দৃঢ়ীকরণে প্রতিবেদনটি কার্যকর ভূমিকা রাখবে।

২০১৬-২০১৭ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) প্রায় প্রতিটি ক্ষেত্রেই লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জিত হয়েছে। তন্মধ্যে নথিপত্র ও মৌলিক প্রকাশনা সংগ্রহ, তথ্যসামগ্রীর অটোমেশন ও ডিজিটাইজেশন (স্ক্যানিং) এবং পাঠক ও গবেষণা সেবাদান সম্পর্কিত লক্ষ্যসমূহ সফলভাবে অর্জিত হয়েছে। বিভিন্ন জাতীয় ও আর্ন্তজাতিক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন এবং দিবস উপলক্ষে প্রদর্শনীর আয়োজন, বিভিন্ন সংস্থা ও দর্শনার্থী কর্তৃক অধিদপ্তর পরিদর্শন, জেলা রেকর্ডরুমে কর্মরত জনবল ও গ্রন্থাগার পেশাজীবীদের প্রশিক্ষণ প্রভৃতি কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া নথি-পত্র ও পুস্তকাদি সংগ্রহে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে ভ্রমণ ও মতবিনিময় সভা করা হয়েছে। স্বল্প সময়ে ও স্বল্প পরিসরে প্রণীত প্রতিবেদনে থাকা অনিচ্ছাকৃত ত্রুটি-বিচ্যুতি ও সীমাবদ্ধতা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ করছি।

ভিশন-২০২১ বাস্তবায়নকল্পে অধিদপ্তরের সামগ্রিক কর্মকাণ্ডকে প্রযুক্তিনির্ভর সেবাবান্ধব ও নাগরিকসেবা সহজিকরণে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। এক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জ হচ্ছে অধিদপ্তরে সংরক্ষিত তথ্যাবলির পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রণয়ন ও অনলাইন তথ্যসেবাদান। চ্যালেঞ্জ মোকাবেলায় সর্বোপরি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে প্রকল্প/কর্মসূচি ও পর্যাপ্ত প্রশিক্ষিত জনবলের প্রয়োজন। সৃজনশীল ও উদ্ভাবনী কর্মকাণ্ডের মাধ্যমে সকল বাধা-বিপত্তি অতিক্রম করে আমরা সামনের দিকে এগিয়ে যাব। অধিদপ্তরের কর্মকর্তা/কমর্চারীদের সম্মিলিত প্রচেষ্টার ফসল এ প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

২৮/১২/২০১৭

(নিতাই পদ দাস)
পরিচালক

সূচিপত্র


মাননীয় মন্ত্রীর বাণী
সচিব মহোদয়ের বাণী
মুখবন্ধ

ভূমিকা ১
১.২ রূপকল্প (Vision)
১.৩ অভিলক্ষ্য (Mission)
১.৪ কৌশলগত উদ্দেশ্যসমূহ
১.৫ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
১.৬ অধিদপ্তরের প্রধান কার্যাবলি

সাংগঠনিক কাঠামো ৩
অধিদপ্তরের সংশোধিত সাংগঠনিক কাঠামো ৪
অধিদপ্তরের কর্মকর্তা ৫
২০১৬-২০১৭ অর্থবছরে সম্পাদিত কার্যক্রম ৬
জাতীয় আরকাইভসের নথিতে মুক্তিযুদ্ধে নিহত সরকারি কর্মকর্তা/কর্মচারী ১৪
কুড়িগ্রাম জেলার অধুনালুপ্ত ১২টি ছিটমহলের তথ্য জাতীয় আরকাইভসে ১৪
ভবিষ্যৎ পরিকল্পনা ১৫
২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট বিবরণী ১৬
অধিদপ্তরের সেবা ১৮
সংগ্রহে জাতীয় গ্রন্থাগার ২০
অধিদপ্তরের সাধারণ তথ্যাবলি ২৩
জাতীয় আরকাইভসের গবেষণা ও সদস্য ফরম ২৪
জাতীয় গ্রন্থাগারের সদস্য ফরম ২৫
বিজ্ঞপ্তি ২৬
জাতীয় আরকাইভসের উপদেষ্টা পরিষদ ২৭
২০১৬-২০১৭ সালে অধিদপ্তরের কার্যক্রম ও অনুষ্ঠানের খণ্ডচিত্র ২৮
পরিশিষ্ট-ক জাতীয় আরকাইভসের ডিজিটাইজেশন কার্যক্রমের পরিসংখ্যান ৩৬
পরিশিষ্ট-খ জাতীয় গ্রন্থাগারের ডিজিটাইজেশন কার্যক্রমের পরিসংখ্যান ৩৭
পরিশিষ্ট-গ এপিএ (APA) প্রতিবেদন ৩৮
পরিশিষ্ট-ঘ অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) বার্ষিক প্রতিবেদন ৩৯
পরিশিষ্ট-ঙ শব্দসংক্ষেপ ৪০

## ১.১ ভূমিকা

দেশের ভাষা, সাহিত্য, সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্য সংশ্লিষ্ট উপাদান এবং রাষ্ট্রের গুরুত্বপূর্ণ নথি-পত্র সংরক্ষণের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দিক নির্দেশনায় ১৯৭২ সালে তৎকালীন শিক্ষা মন্ত্রণালয়ের সাংস্কৃতিক বিষয়াবলী ও ক্রীড়া বিভাগের অধীনে এই অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। বাংলাদেশ সরকারের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নিজস্ব ভবন নির্মাণের জন্য প্রায় ৪ একর জায়গা বরাদ্দ করা হয়। ২০০১ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় আরকাইভস ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। পণ্ডিত, কবি-সাহিত্যিক ও গবেষকদের মূল্যবান সৃষ্টকর্ম, সরকারের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত, ঐতিহাসিক গুরুত্বপূর্ণ নথিপত্র ইত্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করে তথ্যসেবাদানের কাজ করে থাকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর। উল্লিখিত দায়িত্বপালনের মাধ্যমে অধিদপ্তরাধীন জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার মূলত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৩ ও ২৪ অনুচ্ছেদে বিধৃত চেতনাকেই সমুন্নত করে। সুষ্ঠু পরিকল্পনার ভিত্তিতে আধুনিক তথ্যপ্রযুক্তির সমন্বয়ে ইতিহাস-ঐতিহ্য সচেতন ও জ্ঞানভিত্তিক জাতি গঠনের লক্ষ্যে 'রূপকল্প ২০২১' বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।

## ১.২ রূপকল্প (Vision):

ইতিহাস ও ঐতিহ্য সচেতন জ্ঞানভিত্তিক জাতি গঠন।

## ১.৩ অভিলক্ষ্য (Mission):

আইনগত রক্ষক হিসেবে জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার-এ সংগৃহীত আরকাইভ্যাল ডকুমেন্টস ও যাবতীয় জ্ঞানসামগ্রীর স্থায়ী সুরক্ষা এবং তথ্য/গবেষণা সেবাদানের মাধ্যমে জ্ঞানভিত্তিক সচেতন জাতি গঠনে সহযোগিতা করা।

## ১.৪ কৌশলগত উদ্দেশ্যসমূহ :

- জাতির মেধা ও বুদ্ধিবৃত্তিক প্রকাশনার সমন্বয়ে জাতীয় তথ্যভাণ্ডার গড়ে তোলা।
- ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন নথিপত্র সংগ্রহ ও সংরক্ষণপূর্বক কেন্দ্রীয় সংরক্ষণাগারকে সমৃদ্ধ করা।
- পাঠক ও গবেষকদের তথ্যসেবা প্রদান করা।
- প্রাতিষ্ঠানিক সংস্কার ও সক্ষমতা বৃদ্ধি করা।

## ১.৫ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

তথ্য অধিকার বাস্তবায়ন করা।
সংস্কার ও নব উদ্ভাবনা সৃষ্টি করা।

## ১.৬ অধিদপ্তরের প্রধান কার্যাবলি:

মৌলিক পুস্তকাদি এবং আরকাইভ্যাল ডকুমেন্টস সংগ্রহ ও সংরক্ষণ করে প্রয়োজনে তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করাই মূলত অধিদপ্তরের প্রধান কাজ। জ্ঞানচর্চা, গবেষণা ও সেবাধর্মী প্রতিষ্ঠান হিসেবে নিম্নে এর প্রধান কার্যাবলি উল্লেখ করা হলো :

- কপিরাইট আইনে বাংলাদেশে প্রকাশিত সকল নতুন, সৃজনশীল ও মৌলিক প্রকাশনা এবং বিশ্বমানের সর্বশেষ প্রকাশনা সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণের মাধ্যমে জাতীয় সংগ্রহশালা গড়ে তোলা;
- জাতির ইতিহাস, ঐতিহ্য, ও সংস্কৃতি সংক্রান্ত মূল্যবান প্রকাশনা ও দলিল-দস্তাবেজ সংগ্রহ ও সংরক্ষণপূর্বক কেন্দ্রীয় সংরক্ষণাগারকে সমৃদ্ধ করা;


- বাংলাদেশ সংক্রান্ত দলিলপত্রের মূল বা সেকেন্ডারি কপি বিদেশি আরকাইভস ও অন্য কোন প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা;
- অধিদপ্তরে সংগৃহীত তথ্যসামগ্রী ও নথিপত্রের আইনগত রক্ষক (Custodian) এর দায়িত্ব পালন করা;
- প্রচলিত আইন ও বিধি সাপেক্ষে পাঠক, গবেষক, প্রশাসক ও তথ্যানুসন্ধানকারীকে তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করা;
- আরকাইভস ও লাইব্রেরি সংক্রান্ত বিষয়ে সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থাকে প্রয়োজনে পরামর্শ প্রদান করা;
- জাতীয় গ্রন্থপঞ্জি, বার্ষিক প্রতিবেদনসহ অন্যান্য প্রকাশনা নিয়মিত প্রকাশ করা;
- লেখক ও প্রকাশকদের ISBN প্রদান করা;
- প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল গড়ে তোলা;
- পেশাগত দক্ষতা অর্জন ও পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন দেশি-বিদেশি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ, মতবিনিময় ও অংশীদারিত্বমূলক কার্যক্রমে অংশগ্রহণ করা;
- সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সময় সময় প্রদর্শনীর আয়োজন ও অন্যান্য প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করা এবং তথ্যসামগ্রীর ডিজিটাইজেশন কার্যক্রম সম্প্রসারণ করা;
- নথি ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান করা।

## সাংগঠনিক কাঠামো

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অনুমোদিত পদ-১৩৯ টি

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত পদ | শূন্য পদ |
|---|---|---|---|
| ১। | মহাপরিচালক | ১ | ১ |
| ২। | পরিচালক | ২ | ১ |
| ৩। | উপপরিচালক(আরকাইভস) | ১ | ১ |
| ৪। | চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক | ১ | ১ |
| ৫। | উপপরিচালক | ১ | ১ |
| ৬। | প্রোগ্রামার | ১ | |
| ৭। | সহকারী গ্রন্থাগার পরিচালক | ১ | |
| ৮। | সহকারী পরিচালক | ৪ | ৪ |
| ৯। | বিবলিওগ্রাফার | ৩ | |
| ১০ | গবেষণা কর্মকর্তা | ১ | |
| ১১। | প্রোগ্রামিং অফিসার | ১ | |
| ১২। | মাইক্রোফিল্ম অফিসার | ১ | |
| ১৩। | সিনিয়র লাইব্রেরিয়ান | ১ | ১ |
| ১৪। | সহকারী প্রোগ্রামার | ১ | ১ |
| | **৯ম গ্রেড- তদূর্ধ্ব** | **২০** | **১১** |
| ১৫। | জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার | ১ | |
| ১৬। | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ১ | ১ |
| ১৭। | আইসিটি ল্যাব টেকনিশিয়ান | ১ | ১ |
| ১৮। | ISBN অফিসার | ১ | ১ |
| ১৯। | কম্পাইলেশন অফিসার | ১ | ১ |
| ২০। | ডকুমেন্টেশন অফিসার | ১ | ১ |
| ২১। | ট্রেনিং কো-অর্ডিনেটর | ১ | ১ |
| | **১০ম গ্রেড** | ৭ | ৬ |
| ২২। | গ্রেড ১১ - গ্রেড ১৬ | ৬৬ | ২৫ |
| ২৩। | গ্রেড ১৭- গ্রেড ২০ | ৪৬ | ০৩ |
| | **সর্বমোট =** | **১৩৯** | **৪৫** |

# আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের সংশোধিত সাংগঠনিক কাঠামো




## জনবলের সংক্ষিপ্তসার

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা |
|---|---|---|
| | ৯ম গ্রেড- তদুর্ধ | |
| ১। | মহাপরিচালক | ১ |
| ২। | পরিচালক | ২ |
| ৩। | উপপরিচালক(আরকাইভস) | ১ |
| ৪। | চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক | ১ |
| ৫। | উপপরিচালক | ১ |
| ৬। | প্রোগ্রামার | ১ |
| ৭। | সহকারী গ্রন্থাগার পরিচালক | ১ |
| ৮। | সহকারী পরিচালক | ৪ |
| ৯। | বিবলিওগ্রাফার | ৩ |
| ১০ | গবেষণা কর্মকর্তা | ১ |
| ১১। | প্রোগ্রামিং অফিসার | ১ |
| ১২। | মাইক্রোফিল্ম অফিসার | ১ |
| ১৩। | সিনিয়র লাইব্রেরিয়ান | ১ |
| ১৪। | সহকারী প্রোগ্রামার | ১ |
| | | ২০ |

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা |
|---|---|---|
| | ১০ম গ্রেড | |
| ১৫। | জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোষ্ট্যাটিং অফিসার | ১ |
| ১৬। | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ১ |
| ১৭। | আইসিটিল্যাব টেকনিশিয়ান | ১ |
| ১৮। | ISBN অফিসার | ১ |
| ১৯। | কম্পাইলেশন অফিসার | ১ |
| ২০। | ডকুমেন্টেশন অফিসার | ১ |
| ২১। | ট্রেনিং কো-অর্ডিনেটর | ১ |
| | | ০৭ |
| ২২। | ১১তম গ্রেড-১৬তম গ্রেড | ৬৬ |
| ২৩। | ১৭তম গ্রেড-২০তম গ্রেড | ৪৬ |
| | সর্বমোট = | ১৩৯ |

## যানবাহন/অফিস সরঞ্জাম ইত্যাদির অনুমোদিত সংখ্যা

ক) যানবাহন : আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর দাপ্তরিক কাজে নিম্নলিখিত যানবাহন রাখিতে পারিবে :

১) ১ x কার- পরিচালকের অফিসিয়াল কাজের জন্য।
২) ১ x মটর সাইকেল -ডেসপাচ রাইডারের জন্য।
৩) ১ x মাইক্রোবাস - অফিসের কাজের জন্য।
(ব্যক্তিগতভাবে সরকারি নিয়মানুযায়ী ব্যবহার করা যাইবে)

খ) অফিস সরঞ্জামদি :

১) ৭২ x ডেস্কটপ কম্পিউটার ও সংশ্লিষ্ট আনুষংগিক সরঞ্জামদি
২) ৭ x ল্যাপটপ কম্পিউটার
৩) ১৬ x প্রিন্টার
৪) ৩ x ফ্যাক্স
৫) ১২ x স্ক্যানার মেশিন
৬) ০৮ x ফটোকপি মেশিন
৭) ১ x ম্যাপ কপিয়ার মেশিন
৮) ৩ x SAN/NAS/ইএমসি স্টোরেজ
৯) ৪ x অনলাইন ইউপিএস
১০) ১ x আইপিএস
১১) ৫ x সার্ভার (ইউ র‍্যাকসহ)
১২) ১ x স্টিল ক্যামেরা
১৩) ২ x ভিডিও ক্যামেরা
১৪) ৪ x মাল্টি মিডিয়া প্রজেক্টর
১৫) ২ x আর্চওয়ে মেটাল ডিটেক্টর
১৬) ১৬ x সিসি টিভি ক্যামেরা
১৭) ২৬ x পিএবিএক্স সিস্টেম
১৮) ১০ x ডোর এক্সেস কন্ট্রোলার
১৯) ১৩ x ওয়্যারলেস ব্রড ব্যান্ড রাউটার
২০) ২ সেট অডিও ভিজ্যুয়াল যন্ত্রপাতি
২১) ১ সেট স্টেইজ লাইটিং মেশিন
২২) ২ সেট ফায়ার প্রটেকশন এবং ডিটেকশন মেশিন( হোস পাইপ এবং স্প্রেয়ারসহ)
২৩) ১ x পাম্প মেশিন
২৪) ১ x ৫০০ কেভিএ জেনারেটর
২৫) ১ x ১০০ কেভিএ জেনারেটর
২৬) ১ x ওয়্যার স্টিচিং মেশিন
২৭) ১ x বোর্ড কাটার মেশিন (হস্ত চালিত)
২৮) ১ x প্রেস মেশিন (হস্ত চালিত)
২৯) ১ x হ্যান্ড কাটার মেশিন
৩০) ৩ x ঘাস কাটার মেশিন (হস্ত চালিত/ইলেকট্রিক)
৩১) ৩ x লিফট
৩২) ৫৫ x শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র
৩৩) ৪ x ডাক্টেড টাইপ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র
৩৪) ২ ইউনিট কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা
৩৫) ২ x মাইক্রোফিল্ম মেশিন (ক্যামেরা, রিডার, প্রসেসর, হাইস্পিড স্ক্যানার ও কোয়ালিটি কন্ট্রোল যন্ত্রপাতিসহ)
৩৬) ১ x ওয়েব বেইজড লাইব্রেরি ম্যানেজমেন্ট কাস্টমাইজড সফটওয়্যার
৩৭) ১ x আরকাইভাল কাস্টমাইজ সফটওয়্যার
৩৮) ৫ x ইলেকট্রিক ভ্যাকুয়াম ক্লিনার
৩৯) ১ x ইলেক্ট্রিক পেপার কাটিং মেশিন
৪০) ১ x আইডি কার্ড প্রিন্টার
৪১) ১ x বারকোর্ড প্রিন্টার
৪২) ২ x পিএ সিস্টেম
৪৩) ১ x কর্ডলেস মোবিং সাউন্ড সিস্টেম
৪৪) ১৩ x ওয়্যারলেস ব্রড ব্যান্ড রাউটার

# অধিদপ্তরের কর্মকর্তা



**নিতাই পদ দাস**
পরিচালক (যুগ্মসচিব)
ইমেইল: nanldirector@gmail.com
ফোন: ০২-৯১২৯৯৯২, ৯১৩৫৭০৯



**মোঃ হারিছ সরকার**
প্রোগ্রামার
(সভাপতি, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি)
ইমেইল: haris@nanl.gov.bd
ফোন: ০২-৯১১২৬৫৯
মোবাইল: ০১৯১৩৩৮৪৮৯৫



**তাহমিনা আক্তার**
উপপরিচালক (আ.) চ.দা.
(সাধারণ প্রশাসন পরিচালনা ও দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা)
ইমেইল: ঃ tani.nlb@gmail.com
ফোন: ০২-৯১৩৮০৫৩
মোবাইল: ০১৯১১৫০৩১৩২



**মোঃ জামাল উদ্দিন**
চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক(চ.দা)
(ডিডিও ও সভাপতি, এপিএ )
ইমেইল: jamal_nlbd@yahoo.com, ddnlbd@gmail.com
ফোন: ০২-৯১২৭১৪২
মোবাইল: ০১৫৩১২৬৯৭০২



**মোঃ আবু দাউদ**
বিবলিওগ্রাফার (সংকলন)
ইমেইল: abudaudnlb@gmail.com
মোবাইল: ০১৭১৪৫৬৮১৫১



**মুহাম্মদ মুসলিম উদ্দিন**
বিবলিওগ্রাফার (প্রকাশনা ও রেফারেন্স)
(অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা)
ইমেইল: muslimdu@yahoo.com
মোবাইল: ০১৭৫৪৪৭৮৬৭১



**মোঃ ইলিয়াছ মিয়া**
গবেষণা কর্মকর্তা
ইমেইল: elias_004@yahoo.com
মোবাইল: ০১৯১১০৪৬৯৮



**মোঃ মিজানুর রহমান**
মাইক্রোফিল্ম অফিসার
ইমেইল: mizan_nlb@yahoo.com
মোবাইল: ০১৭৩২৭১০০২৭



**মোঃ নাজমুস শাহাদৎ**
সহকারী গ্রন্থাগার পরিচালক
ই-মেইল: shahadut.adnlb@gmail.com
মোবাইল: ০১৬৮৭৩৪৯০২১



**মোঃ নূর হোসেন চৌধুরী**
জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার
ইমেইল: nurhossain@nab.gov.bd
মোবাইল: ০১৮১৭৫২৬০২৬

## ২০১৬-১৭ অর্থবছরে সম্পাদিত কার্যক্রম

অধিদপ্তরের সার্বিক কার্যক্রম দুটি আর্ন্তজাতিক গুরুত্ববাহী জাতীয় প্রতিষ্ঠান তথা জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারের মাধ্যমে পরিচালিত হয়। নিম্নে প্রতিষ্ঠান দুটির কার্যক্রম ধারাবাহিকভাবে তুলে ধরা হলো:

## (ক) জাতীয় আরকাইভসের কার্যক্রম

### রেকর্ড সংগ্রহ ও বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ

জাতীয় আরকাইভস সরকারের কেন্দ্রীয় নথি সংরক্ষণাগার। জাতীয় আরকাইভসে সংগৃহীত পুরনো ঐতিহাসিক গুরুত্ব সম্পন্ন আরকাইভ্যাল সামগ্রীর পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এই অর্থবছরে নিম্নোক্ত আরকাইভ্যাল সামগ্রী সংগ্রহ করা হয়েছে:

| ক্রমিক নং | উৎস (মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা) | বিষয় | পরিমাণ |
|---|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ বিভাগ | ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বিভাগের বিজ্ঞপ্তি, সারসংক্ষেপ এবং কার্যাবলির মূলকপি | ০৯ ভলিউম |
| ২. | শিল্প মন্ত্রণালয় | রানা প্লাজা ও তাজরিন গার্মেন্টস সম্পর্কিত নথিপত্র | ৩১৮২ ভলিউম |
| ৩. | জেলা প্রশাসকের কার্যালয়, রেকর্ডরুম শাখা, ফরিদপুর | ঋণ সালিশি বোর্ডের কেইস নথি | ০১ ভলিউম |
| ৪. | জেলা প্রশাসকের কার্যালয়, রেকর্ডরুম শাখা, দিনাজপুর | অবিভক্ত বাংলার দিনাজপুর জেলার ম্যাপ | ০১টি |
| ৫. | তাজউদ্দীন আহমদ এন্ড সৈয়দা জোহরা তাজউদ্দিন মেমোরিয়াল ফাউন্ডেশন, ধানমন্ডি, ঢাকা। | বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ এবং তার স্ত্রী সৈয়দা জোহরা তাজউদ্দিন সম্পর্কিত প্রকাশনা | ২০ টি |
| ৬. | ব্যক্তি সংগ্রহ | পূর্ব বাংলার ভাষা আন্দোলনের দলিলপত্র (১৯৪৮-১৯৫২) | ০১ টি |
| ৭. | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম | কুড়িগ্রাম জেলার অধুনালুপ্ত ১২টি ছিটমহলের তথ্য (অধুনালুপ্ত ছিটমহল দাসিয়ারছড়ায় মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্যের ডিভিডিসহ) | ১৪ ভলিউম |
| | | মোট | ৩২২৮ টি নথি/তথ্য |

### রেকর্ডরুম পরিদর্শন এবং নথি ব্যবস্থাপনা ও সংরক্ষণ বিষয়ে সচেতনতা

জাতীয় আরকাইভসের নিয়মিত কাজের অংশ হিসেবে ০৪/০৫ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদল দেশের বিভিন্ন জেলা কালেক্টরেট রেকর্ডরুম পরিদর্শন করে। সেখানে নথিপত্র যাচাই-বাছাই, মূল্যায়ন এবং ২৫ বছরের অধিক পুরাতন "ক" এবং "খ" শ্রেণির নথিপত্র কেন্দ্রীয় সংরক্ষণাগার তথা জাতীয় আরকাইভসে স্থানান্তর এবং জেলা প্রশাসনের নথি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্ট জেলায় অবস্থিত বিভিন্ন সরকারি অফিসের সাথে "নথি ব্যবস্থাপনা ও সংরক্ষণ" বিষয়ে সচেতনতামূলক মতবিনিময় সভার আয়োজন করা হয়। এই উদ্দেশ্য মোট ০৬ (ছয়)টি জেলা ভ্রমণ করা হয়।

| ক্রমিক নং | বিবরণ | সময়কাল | জেলা |
|---|---|---|---|
| ১. | কক্সবাজার জেলা কালেক্টরেট রেকর্ডরুম | ০৬-১২ আগস্ট/২০১৬ | কক্সবাজার |
| ২. | সিলেট জেলা কালেক্টরেট রেকর্ডরুম | ০৮-১১ অক্টোবর/২০১৬ | সিলেট |
| ৩. | দিনাজপুর জেলা কালেক্টরেট রেকর্ডরুম | ১৭-২১ অক্টোবর/২০১৬ | দিনাজপুর |
| ৪. | ঝিনাইদহ জেলা কালেক্টরেট রেকর্ডরুম | ২৫-২৮ ডিসেম্বর/২০১৬ | ঝিনাইদহ |
| ৫. | পঞ্চগড় জেলা কালেক্টরেট রেকর্ডরুম | ১৬-২০ মে/২০১৭ | পঞ্চগড় |
| ৬. | মেহেরপুর জেলা কালেক্টরেট রেকর্ডরুম | ২০-২৪ মে/২০১৭ | মেহেরপুর |

### গবেষণা ও তথ্যসেবা প্রদান

জাতীয় আরকাইভস থেকে দেশি-বিদেশি গবেষক, প্রশাসক, ইতিহাসবিদ, রাষ্ট্রবিজ্ঞানী, সমাজবিজ্ঞানী, শিক্ষক, উচ্চতর শিক্ষার গবেষক, ছাত্র-ছাত্রীসহ নানা শ্রেণি-পেশার সাধারণ মানুষকে গবেষণাসহ তথ্যসেবা ও রেফারেন্স সেবা প্রদান করা হয়। এই অর্থবছরের গবেষণা ও তথ্যসেবা প্রদানের পরিসংখ্যান নিম্নরূপঃ

| ক্রমিক নং | গবেষণা ও তথ্যসেবা | রেফারেন্স সেবা |
|---|---|---|
| ১. | ২৪৯ জন | ২৫৪ জন |
| | মোট= | ৫০৩ জন |

### জাতীয় আরকাইভস পরিদর্শন

উল্লেখযোগ্য সংখ্যক কলেজ/বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন দেশের প্রতিনিধি আরকাইভস পরিদর্শন করেন।

### ডিজিটাইজেশন

ডিজিটাল আরকাইভস প্রতিষ্ঠাকল্পে জাতীয় আরকাইভসের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এই অর্থবছরে জাতীয় আরকাইভস ডিজিটাইজেশনের নিমিত্ত কাস্টমাইজকৃত আরকাইভ্যাল সফটওয়্যারে অন্তর্ভুক্তির জন্য ১,২৩,৮৩১ পৃষ্ঠা নথি (ইমেজ) স্ক্যান করা হয়েছে।



**নথিপত্র প্রক্রিয়াকরণ:**

সংরক্ষণাগারে সংগৃহীত বিভিন্ন জেলা কালেক্টরেট রেকর্ডরুমসহ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান থেকে সংগৃহীত নথিপত্রসমূহের মধ্যে ২৪,৫১৪ ভলিউম/বান্ডিল/ফাইল নথির সামগ্রিক প্রক্রিয়াকরণপূর্বক (পরিষ্কার-পরিচ্ছন্ন, শ্রেণিকরণ, বর্ণনাকরণ, তালিকাকরণ, ক্যাটালগিং ইত্যাদি) সংরক্ষণাগারে সংরক্ষণ করা হয়েছে।

**নথিপত্র বাঁধাই ও মেরামত:**

প্রাকৃতিক দুর্যোগ, জলবায়ু ও আদ্রতাজনিত কারণে নথিপত্র দুর্বল হয়ে যায়। ফলে প্রতিনিয়ত আরকাইভ্যাল সামগ্রী বাঁধাই, মেরামত ও পরিশোধন করা হচ্ছে। এই অর্থবছরে নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করা হয়েছে :


| ক্রমিক নং | বাঁধাই ও মেরামত | ফিউমিগেশন |
|---|---|---|
| ১. | ১১৯০ ভলিউম | ৪৩৫০ ভলিউম |

**প্রশিক্ষণ:**

সরকারি কর্মকর্তা, আরকাইভস বিশেষজ্ঞ, বিশ্ববিদ্যালয় অধ্যাপক কতৃক বিভিন্ন জেলা রেকর্ডরুমে কর্মরত জনবলকে "নথি ব্যবস্থাপনা বিষয়ে বেসিক কোর্স" -এ দুটি পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

| ক্রমিক নং | বিবরণ | পর্যায় | বিশেষজ্ঞ/প্রশিক্ষক | অংশগ্রহণকারী |
|---|---|---|---|---|
| ১. | নথি ব্যবস্থাপনা বিষয়ে বেসিক কোর্স | প্রথম পর্যায় (০২-০৭ মে/২০১৭) | ১৭ জন | ২৪ জন |
| ২. | নথি ব্যবস্থাপনা বিষয়ে বেসিক কোর্স | দ্বিতীয় পর্যায় (১৪-১৮ মে/২০১৭) | ১৩ জন | ২০ জন |
| | | **সর্বমোট** | **৩০ জন** | **৪৪ জন** |

**প্রকাশনা:** জাতীয় আরকাইভসের পরিচিতি দেশে-বিদেশে তুলে ধরার জন্য ইংরেজি ভাষায় একটি ব্রোশিয়র প্রকাশ করা হয়েছে।



## (খ) জাতীয় গ্রন্থাগারের কার্যক্রম

### পাঠসুবিধা/রেফারেন্সসেবা প্রদান

২০১৬-২০১৭ সালে ২০,৯৩৬ জন পাঠক,গবেষক, তথ্যানুসন্ধানকারী জাতীয় গ্রন্থাগার থেকে গবেষণা/ রেফারেন্স সেবা ও তথ্যসেবা গ্রহণ করেছেন। তার পরিসংখ্যান নিম্নরূপঃ

| ক্রমিক নং | পাঠকসেবা | গবেষণা/রেফারেন্সসেবা |
|---|---|---|
| ১. | ২০,৭০০জন | ২৩৬ ব্যক্তি/সংস্থা |
| | | মোট ২০,৯৩৬ জন |

### কপিরাইট আইনে নতুন প্রকাশনা সংগ্রহ

জাতীয় গ্রন্থাগারে কপিরাইট আইনে ৬২১৪ টি প্রকাশনা সংগ্রহ করা হয়েছে।


### বাংলাদেশ জাতীয় গ্রন্থপঞ্জি (BNB) প্রকাশ

২০১৩ সালে বাংলাদেশে প্রকাশিত ও কপিরাইট আইনে সংগৃহীত পুস্তকাদির গ্রন্থপঞ্জিগত তথ্যাদির সমন্বয়ে বাংলাদেশ জাতীয় গ্রন্থপঞ্জি-২০১৩ প্রকাশ সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, জাতীয় গ্রন্থপঞ্জি-২০১৩ সংখ্যা থেকে সংকলনের কাজটি কোহা সফটওয়্যারে ডাটা এন্ট্রি প্রদানের মাধ্যমে সম্পন্ন হচ্ছে। ফলে গ্রন্থপঞ্জিতে অন্তর্ভুক্ত প্রকাশনাসমূহের গ্রন্থপঞ্জিগত সকল তথ্য গ্রন্থপঞ্জি প্রকাশের আগে থেকেই জাতীয় গ্রন্থাগারের ওয়েবসাইটে দেখা যাচ্ছে।




### নির্দেশিকা প্রকাশ

বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার নির্দেশিকা ২০১৬ প্রকাশ করা হয়েছে। উক্ত প্রকাশনায় জাতীয় গ্রন্থাগারের পরিচিতি, সংগ্রহ, বিভিন্ন সেবা কার্যক্রম, ব্যবহার ইত্যাদি তথ্য রয়েছে। ফলে অনুসন্ধিৎসু পাঠক ও গবেষকগণ সহজেই জাতীয় গ্রন্থাগার সম্পর্কে জানার ও বিভিন্ন সেবা গ্রহণের সুযোগ পাচ্ছেন।




### ব্রোশিয়র প্রকাশ

জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জাতীয় গ্রন্থাগারের প্রচার-প্রসার বৃদ্ধির জন্য ইংরেজি ভাষায় জাতীয় গ্রন্থাগারের পরিচিতিমূলক একটি ব্রোশিয়র প্রকাশ করা হয়েছে।




### বই ও পত্র-পত্রিকার বিবলিওগ্রাফিক ডাটা এন্ট্রি



Integrated Library System এর আওতায় স্থাপিত KOHA সফটওয়্যারে ১০,১৩৭ টি ডাটা এন্ট্রি করা হয়েছে। এন্ট্রিকৃত এসব তথ্যসামগ্রীর ক্যাটালগ (OPAC) অনলাইনে দেখা যাচ্ছে। ডাটা এন্ট্রির পরিসংখ্যান নিম্নরূপ:

| ক্রমিক নং | বই ও অন্যান্য তথ্যসামগ্রী | বাঁধাইকৃত পত্রিকা |
|---|---|---|
| ১. | ৮৮০৪ টি | ১৩৩৩ ভলিউম |
| | | **মোট ১০,১৩৭ টি** |

### ডিজিটাইজেশন



মুদ্রিত তথ্যসামগ্রীর স্থায়ী সংরক্ষণ ও ডিটিজটাল তথ্যসেবা প্রদানের জন্য জাতীয় গ্রন্থাগারের তথ্যসামগ্রীর ১,২৫,৭০৩ পৃষ্ঠা স্ক্যান করা হয়েছে।

### ডিজিটাল ঘড়ি




পাঠক, গবেষক ও দর্শনার্থীদের সুবিধার্থে দেশের অন্যতম বৃহৎ ডিজিটাল ঘড়ি জাতীয় গ্রন্থাগারে স্থাপন করা হয়েছে।

### বই ক্রয়

গবেষণাধর্মী দেশি-বিদেশি বিভিন্ন ক্যাটাগরির ৫,৩০,০০০/-(পাঁচ লক্ষ ত্রিশ হাজার) টাকার বই ক্রয় করা হয়েছে।

### ISBN প্রদান

২০১৬-২০১৭ অর্থবছরে লেখক ও প্রকাশকদেরকে মোট ৭৯১৮ টি ISBN বরাদ্দ দেয়া হয়েছে।

### বঙ্গবকন্ধু কর্নার




বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর বই, দুষ্প্রাপ্য পত্র-পত্রিকা, ছবি ইত্যাদির সমন্বয়ে জাতীয় গ্রন্থাগারের প্রদর্শনী কক্ষটিকে 'বঙ্গবন্ধু কর্নারে' রূপান্তর করা হয়েছে। ফলে অনুসন্ধিৎসু পাঠক/গবেষক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে জানার সুযোগ পাচ্ছেন ।

### ভ্রমণ

২০১৬-২০১৭ অর্থবছরে কপিরাইট আইনে বই জমাদানে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ০৭টি জেলা ভ্রমণ করা হয়। এসময় লেখক, গবেষক, প্রকাশক, সরকারি কর্মকর্তা ও সুধীমহলের সাথে জাতীয় গ্রন্থাগারের বিভিন্ন কার্যক্রম ও সেবা, আইএসবিএন, কপিরাইট আইনে বই, পত্রপত্রিকা জমাদানের গুরুত্ব সম্পর্কে মতবিনিময় ও আলোচনা করা হয়।




### পরিদর্শন

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে গবেষক, শিক্ষার্থীগণ জাতীয় গ্রন্থাগার পরিদর্শন করেন ।



### প্রশিক্ষণ

বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত গ্রন্থাগার পেশাজীবীদের লাইব্রেরি ব্যবস্থাপনা সম্পর্কে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০১৬-২০১৭ অর্থবছরে প্রশিক্ষণ সংক্রান্ত পরিসংখ্যান নিম্নরূপঃ



| ক্রমিক নং | প্রশিক্ষণের শিরোনাম | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণ কারী |
|---|---|---|---|
| ১. | আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা,দক্ষতা ও সচেতনতা বৃদ্ধি, সেবার মান উন্নয়ন, পাঠক সৃষ্টি, আধুনিক প্রযুক্তি ব্যবহার ও ডিজিটাল সেবা প্রদান | (১৩-২৩ মার্চ/২০১৭) | ১৯ জন |
| ২. | ডিজিটাল/আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স | ২১-৩১মে/২০১৭ | ১৩ জন |
| | | মোট= | ৩২ জন |

### আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ/সম্পর্ক উন্নয়নমূলক কার্যক্রম

International ISBN Authority, IFLA, CDNLAO, ACCU, APIN ইত্যাদি সংস্থার সদস্য হিসেবে কার্যক্রম অব্যাহত আছে এবং ISBN ও IFLA এর বার্ষিক চাঁদা প্রদান করা হয়েছে।

### পাঠকক্ষের এসি মেরামত

জাতীয় গ্রন্থাগারে ইন্টারনেট কানেক্টিভিটিসহ শীতাতপ নিয়ন্ত্রিত ৩টি পাঠকক্ষ রয়েছে। পাঠকক্ষের নষ্ট এসিসমূহ এই বছরে মেরামত করা হয়েছে।

### ইন্টারনেট সেবা

Free Wi-Fi Network এর আওতায় জাতীয় গ্রন্থগারের পাঠক/গবেষক বিনামূল্যে ইন্টারনেট সার্চিং ও ই-মেইল ব্রাউজ করতে পারেন। লাইব্রেরির ওয়েবসাইটে ঢুকে যে কেউ জাতীয় গ্রন্থাগার সর্ম্পকে বিস্তারিত তথ্য জানতে পারবেন। জাতীয় গ্রন্থপঞ্জি-২০১৩ সংখ্যা থেকে কোহা সফটওয়্যারের মাধ্যমে বিবলিওগ্রাফিক ডাটা এন্ট্রি হচ্ছে। ফলে জাতীয় গ্রন্থপঞ্জি-২০১৩ সংখ্যা থেকে কপিরাইট আইনে সংগৃহীত পুস্তকাদি এবং বাঁধাইকৃত ভলিউম পত্রিকার তথ্যাদি অনলাইনেও দেখা যাচ্ছে।

## (গ) অধিদপ্তর কর্তৃক রাজস্ব আয়

সদস্য ফি , স্ক্যানিং ও প্রিন্টিং, স্ন্যাপ, ফটোকপি সেবাদান ফি এবং অডিটোরিয়াম ভাড়া টাকাসহ সর্বমোট ৫২৭০০০/-(পাঁচ লক্ষ সাতাশ হাজার) টাকা রাজস্ব আয় করেছে যা ব্যাংক চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।

## (ঘ) প্রশাসনিক সংস্কার

- অধিদপ্তরের জন্য ১টি মহাপরিচালক, ১টি পরিচালক ও ১টি উপপরিচালকসহ বিভিন্ন ক্যাটাগরির ৪১টি নতুন পদ সৃষ্টি হয়েছে। উক্ত ৪১টি পদসহ অধিদপ্তরের জন্য অনুমোদিত সর্বমোট ১৩৯টি পদের সমন্বয়ে নিয়োগ বিধি সংশোধনপূর্বক পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হয়েছে।

- নবসৃষ্ট ৪১টি পদের মধ্যে বিভিন্ন ক্যাটাগরির (৪র্থ শ্রেণি) ১০টি পদ আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগ করা হয়েছে।

- জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার এর জন্য পৃথক আইন প্রণয়নের নিমিত্ত আইনের চূড়ান্ত খসড়া প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

## (ঙ) প্রশিক্ষণ

অধিদপ্তরে ইনোভেশন বিষয়ে ৪০ জনকে ০১ দিনের প্রশিক্ষণ এবং অন্যান্য বিষয়ে ৭৬ জনকে দক্ষতা বৃদ্ধিমূলক ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দেশের অভ্যন্তরে ই-ফাইলিং, ই-টেন্ডারিং, ইজিপি, ইনোভেশন ইত্যাদি বিষয়ে ০৬ জন কর্মকর্তা বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

## (ঙ) অন্যান্য কার্যাবলি

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি ও নৈতিকতা কমিটিসহ অন্যান্য কমিটির কার্যক্রম জোরদার করার জন্য নিয়মিত সভা অনুষ্ঠিত হয়েছে। তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদার করা হয়েছে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাধ্যমে সেবাপ্রত্যাশীদের অভিযোগ/দাবি নিষ্পত্তি করা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information (A2I) প্রোগ্রামের আওতায় অধিদপ্তরের ৬জন কর্মকর্তা নাগরিক সেবায় উদ্ভাবন শীর্ষক প্রশিক্ষণ গ্রহণ করেছেন। উক্ত সময়ে অধিদপ্তরের ০৩ জন কর্মকর্তা বিভিন্ন প্রোগ্রামে চীন, ভারত ও শ্রীলংকা ভ্রমণ করেছেন।

## (চ) জাতীয় দিবস পালন/উদ্‌যাপন

প্রতিটি জাতীয় দিবস সরকারের নির্দেশনানুযায়ী ভাবগাম্ভীর্য ও যথাযোগ্য মর্যাদায় পালন/উদ্‌যাপন করা হয়। জাতীয় শোক দিবস, মহান বিজয় দিবস, শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতীয় শিশু দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস,পহেলা বৈশাখ এবং এসব দিবস উদ্‌যাপন উপলক্ষে শিশুকিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সংশ্লিষ্ট বিষয়ে ডকুমেন্টারি ফিল্ম প্রদর্শন, বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়।

## (ছ) আন্তর্জাতিক আরকাইভস দিবস উদ্‌যাপন

৯ জুন ২০১৭ আন্তর্জাতিক আরকাইভস দিবস উদ্‌যাপন উপলক্ষে জাতীয় আরকাইভস ভবনে একটি গোলটেবিল বৈঠকের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ ইব্রাহীম হোসেন খান। এ বছর দিবসটির প্রতিপাদ্য ছিল- "Archives, Citizenship and Inter-culturalism".



'আন্তর্জাতিক আরকাইভস দিবস' ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে গোলটেবিল বৈঠকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি এবং সচিব জনাব মোঃ ইব্রাহীম হোসেন খান।

## জাতীয় আরকাইভসের নথিতে মুক্তিযুদ্ধে নিহত সরকারি কর্মকর্তা/কর্মচারী

বাংলাদেশ জাতীয় আরকাইভসে সংরক্ষিত নথিপত্র অনুযায়ী ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত সময়ে নিহত সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা সংক্রান্ত প্রতিবেদন :

জাতীয় আরকাইভসে বাংলাদেশ সচিবালয় রেকর্ডরুম হতে প্রাপ্ত নথিপত্রের মধ্যে ১৯৭২ সালের কিছু নথি পাওয়া যায়। নথিসমূহে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ চলাকালে সরকারি বিভিন্ন অফিসে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের তালিকা পাওয়া যায় যারা মুক্তিযুদ্ধের সময় নিহত হয়েছেন। প্রাপ্ত তালিকাটি যাচাই বাছাই করে রিপোর্ট তৈরিপূর্বক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং পরবর্তী সময়ে সুপারিশসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে সচিব বরাবর প্রেরণ করা হয়।

প্রধানমন্ত্রীর কার্যালয় তালিকাটি পর্যালোচনা করে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন মহাপরিচালক এর নেতৃত্বে উক্ত কার্যালয়ের ১জন পরিচালক ও আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালকসহ তিন সদস্যের একটি কমিটি গঠনপূর্বক তালিকাটি মূলনথির সাথে মিলিয়ে চূড়ান্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন। নির্দেশনানুযায়ী তাহমিনা আক্তার, উপপরিচালক (আ.) চ.দা. এর নেতৃত্বে ৬সদস্য বিশিষ্ট একটি উপকমিটি যাচাইকৃত চূড়ান্ত তালিকাটি পর্যালোচনা করেন। উক্ত কাজটি পরিচালক জনাব অদুদুল বারী চৌধুরী সার্বক্ষণিক তত্ত্বাবধান করেন। তিনি সময় সময় নিজেও উপ-কমিটির সাথে বসে কাজ করেন এবং বিভিন্ন পরামর্শ দেন।



### সংশোধিত প্রতিবেদন

দীর্ঘ যাচাই-বাছাই শেষে মহান মুক্তিযুদ্ধে নিহত সরকারি কর্মকর্তা/কর্মচারীদের চূড়ান্ত তালিকা দুটি ভলিউমে প্রণয়ন করা হয়। হালনাগাদ ও সংশোধিত তালিকানুযায়ী সরকারি কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (৮৪৯+৭৬২)= ১৬১১ জন পাওয়া যায়। এ ছাড়া পরিসংখ্যানে নিহত কর্মকর্তা/কর্মচারীদের পরিবারকে পেনশন, গ্র্যাচুইটি, সাধারণ ভবিষ্যৎ তহবিলসহ অন্যান্য আর্থিক সুবিধা পরিশোধের জন্য উপকমিটি সুপারিশ প্রদান করে এবং একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রকাশ করে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে পরবর্তী কার্যক্রমের জন্য ২৪/০৭/২০১৬ তারিখে প্রেরণ করা হয়।

## কুড়িগ্রাম জেলার অধুনালুপ্ত ১২টি ছিটমহলের তথ্য জাতীয় আরকাইভসে

১৭ জানুয়ারি ২০১৭ তারিখে কুড়িগ্রাম জেলার অধুনালুপ্ত ১২টি ছিটমহলের তথ্য সংবলিত ১৫ ভলিউম রেকর্ড কুড়িগ্রামের জেলা প্রশাসক কর্তৃক বাংলাদেশ জাতীয় আরকাইভসে স্থানান্তর করা হয়। ভলিউমসমূহ জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণ করা হচ্ছে। রেকর্ডগুলোতে ১২টি ছিটমহল বিনিময় সংক্রান্ত সকল তথ্য-উপাত্ত লিপিবদ্ধ রয়েছে। রেকর্ডগুলো থেকে কুড়িগ্রামের ১২টি ছিটমহলসহ অন্যান্য ছিটমহলের তথ্যাদিও জানা যাবে।



## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার এর তথ্যসামগ্রীর অনলাইনভিত্তিক পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রণয়ন করা;
- অধিদপ্তরের ওয়েবসাইটটিকে তথ্যসমৃদ্ধ সেবাবন্ধব ওয়েবসাইটে রূপান্তর করা;
- অনলাইন তথ্যসেবা প্রদান করা;
- অনলাইন আইএসবিএন সেবা চালু করা;
- ব্যাকলগের উত্তরণ ঘটিয়ে জাতীয় গ্রন্থপঞ্জি নিয়মিত প্রকাশ ও বিতরণ করা;
- জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারের জন্য পৃথক আইন প্রণয়ন;
- অধিদপ্তরের বর্তমান বাজেটের সংস্কার;
- জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারের জন্য প্রয়োজনীয় সংখ্যক টেকনিক্যাল পদ সৃজন;
- আরকাইভস ও লাইব্রেরি সংক্রান্ত বিভিন্ন আর্ন্তজাতিক সংস্থার সাথে যোগাযোগ, মতবিনিময়, সহযোগিতা ও অংশীদারিত্ব বাড়ানো;
- আরকাইভস ও লাইব্রেরি সম্পর্কিত আন্তর্জাতিক সংস্থার সমন্বয়ে ওয়ার্কশপ/সম্মেলন/সেমিনার আয়োজন করা;
- অধিদপ্তরের সামগ্রিক কর্মকাণ্ডকে একটি সমন্বিত সিস্টেমের মাধ্যমে অটোমেশন করা;
- আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরটিকে KPI জোনের অন্তর্ভুক্তকরণ;
- তথ্যপ্রযুক্তি ও উন্নত পরিবেশের সমন্বয়ে অধিদপ্তরকে বিশ্বমানের জ্ঞানচর্চা ও গবেষণার কেন্দ্রে পরিণত করা।

উপসংহার : জাতীয় সাহিত্য-সংস্কৃতি, ইতিহাস-ঐতিহ্য, গুরুত্বপূর্ণ নথিপত্র, তথ্য ও জ্ঞানসামগ্রীর কেন্দ্রীয় সংরক্ষণাগার হলো আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর। সেবাদান প্রক্রিয়া সহজিকরণ ও ভিশন-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে অধিদপ্তর। বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে অধিদপ্তরে সংরক্ষিত তথ্যসামগ্রীর পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রণয়ন ও অনলাইন তথ্যসেবা দান সময়ের দাবি। অধিদপ্তরের সার্বিক কার্যক্রমকে ইন্টিগ্রেটেড সিস্টেমের আওতায় দ্রুত অটোমেশন করার মাধ্যেমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের স্বপ্নকে বাস্তবায়ন করাই আমাদের প্রধান লক্ষ্য।

## ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট বিবরণী

২০১৬-২০১৭ অর্থবছরে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের জন্য মোট বাজেট বরাদ্দ ছিল ৫,৩৬,১২ হাজার টাকা এবং সংশোধিত বাজেটে বরাদ্দ হয় ৫,৪২,৩৫ হাজার টাকা। নিম্নে অধিদপ্তরের ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট বিবরণী প্রদান করা হলো:

| প্রাতিষ্ঠানিক কোড | পরিচালন ইউনিট | |
|---|---|---|
| ৩৪৩৩ | ০০০০ | আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর |

(ক) অনুন্নয়ন রাজস্ব ব্যয়: (অংকসমূহ হাজার টাকা)

| অর্থনৈতিক কোড | ব্যয়ের খাত | সংশোধিত ২০১৬-২০১৭ | বাজেট ২০১৬-২০১৭ |
|---|---|---|---|
| ৪৫০০ | অফিসারদের বেতন | | |
| ৪৫০১ | অফিসারদের বেতন | ৫৯,০০ | ৫৯,০০ |
| | **উপমোট-অফিসারদের বেতন** | **৫৯,০০** | **৫৯,০০** |
| ৪৬০০ | **প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন** | | |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন | ১,৩৬,৫০ | ১,৫৬,৫০ |
| | **উপমোট- প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন** | **১,৩৬,৫০** | **১,৫৬,৫০** |
| ৪৭০০ | **ভাতাদি** | | |
| ৪৭০৫ | বাড়ি ভাড়া ভাতা | ৮০,০০ | ৮৬,২০ |
| ৪৭০৯ | শ্রান্তি বিনোদন ভাতা | ৫,৯৯ | ৫,৯৯ |
| ৪৭১৩ | উৎসব ভাতা | ৩২,৬০ | ৩৫,৯২ |
| ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা | ৩,২৬ | ৩,৪৫ |
| ৪৭১৭ | চিকিৎসা ভাতা | ১৫,৪৪ | ১৫,৪৪ |
| ৪৭৫৫ | টিফিন ভাতা | ১,৯০ | ১,৯০ |
| ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ২,৫৩ | ২,৮১ |
| ৪৭৭৩ | শিক্ষা ভাতা | ৫,০০ | ৫,৫১ |
| ৪৭৯৫ | অন্যান্য ভাতা | ১,০০ | ৩,৫০ |
| | **উপমোট-ভাতাদি** | **১,৪৭,৭২** | **১,৬০,৭২** |
| ৪৮০০ | **সরবরাহ ও সেবা** | | |
| ৪৮০১ | ভ্রমণ ব্যয় | ৫,৬০ | ৪,০০ |
| ৪৮১০ | পৌর কর | ২,৩০ | ২,৩০ |
| ৪৮১১ | ভূমি কর | ৬০ | ৬০ |
| ৪৮১৫ | ডাক | ৪০ | ১,০০ |
| ৪৮১৬ | টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার | ১,৫০ | ৩,০০ |
| ৪৮১৯ | পানি | ১,৪৮ | ১,৫০ |
| ৪৮২১ | বিদ্যুৎ | ৪০,০০ | ৩৮,০০ |
| ৪৮২৩ | পেট্রোল ও লুব্রিক্যান্ট | ২,০০ | ৪,০০ |
| ৪৮২৭ | মুদ্রণ ও বাঁধাই | ৪,০০ | ৩,৫০ |
| ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী | ১৫,০০ | ১০,০০ |
| ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় | ৫,০০ | ৫,০০ |
| ৪৮৫১ | শ্রমিক মজুরী | ১৭,৫০ | ০ |
| ৪৮৭৭ | প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয় | ৪,৭৫ | ২,০০ |
| ৪৮৮১ | নিরাপত্তা প্রহরী | ৩০,০০ | ৩০,০০ |
| ৪৮৮৩ | সন্মানী ভাতা /ফি/পারিশ্রমিক | ৩,০০ | ২,০০ |
| ৪৮৮৮ | কম্পিউটার সামগ্রী | ১১,০০ | ২,০০ |
| ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | ২৫,০০ | ২৩,০০ |
| | **উপমোট- সরবরাহ ও সেবা:** | **১,৬৯,১৩** | **১,৩১,৯০** |

| | | | |
|---|---|---|---|
| ৪৯০০ | মেরামত ও সংরক্ষণ | | |
| ৪৯০১ | মোটর যানবাহন | ৩,০০ | ৬,০০ |
| ৪৯৯১ | অন্যান্য মেরামত ও সংরক্ষণ | ২৫,০০ | ২০,০০ |
| | উপমোট -মেরামত ও সংরক্ষণ: | **২৮,০০** | **২৬,০০** |
| | উপমোট-অনুন্নয়ন রাজস্ব ব্যয়: | **৫,৪০,৩৫** | **৫,৩৪,১২** |
| | | | |
| | **অনুন্নয়ন মূলধন ব্যয়** | | |
| ৬৮০০ | **সম্পদ সংগ্রহ/ক্রয়** | | |
| ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ | ২,০০ | ২,০০ |
| | **উপমোট- সম্পদ সংগ্রহ/ক্রয়** | **২,০০** | **২,০০** |
| | **উপমোট- অনুন্নয়ন মূলধন ব্যয়** | **২,০০** | **২,০০** |
| | **মোট-আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর :** | **৫,৪২,৩৫** | **৫,৩৬,১২** |


## এক নজরে বাজেট ২০১৬-২০১৭

**অনুন্নয়ন রাজস্ব ব্যয় বিবরণী** (অংকসমূহ হাজার টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | সংশোধিত ২০১৬-২০১৭ | বাজেট ২০১৬-২০১৭ |
|---|---|---|---|
| ১. | অফিসারদের বেতন | **৫৯,০০** | **৫৯,০০** |
| ২. | কর্মচারীদের বেতন | **১,৩৬,৫০** | **১,৫৬,৫০** |
| ৩. | ভাতাদি | **১,৪৭,৭২** | **১,৬০,৭২** |
| ৪. | সরবরাহ ও সেবা | **১,৬৯,১৩** | **১,৩১,৯০** |
| ৫. | মেরামত ও সংরক্ষণ | **২৮,০০** | **২৬,০০** |
| | মোট অনুন্নয়ন রাজস্ব ব্যয় | **৫,৪০,৩৫** | **৫,৩৪,১২** |

## অনুন্নয়ন মূলধন ব্যয়

| ক্রমিক নং | বিবরণ | সংশোধিত ২০১৬-২০১৭ | বাজেট ২০১৬-২০১৭ |
|---|---|---|---|
| ১. | কম্পিউটার ও যন্ত্রাংশ সংগ্রহ/ক্রয় | ২,০০ | ২,০০ |
| | মোট অনুন্নয়ন মূলধন ব্যয় | ২,০০ | ২,০০ |



## অধিদপ্তরের সেবা

ক) বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশের নাগরিকদের যে সকল অধিকার নিশ্চিত/ প্রদান করবে তা নিম্নরূপ :

- জাতীয় আরকাইভসের ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন নথিপত্র ব্যবহারের অধিকার।
- সংরক্ষিত সকল নথিপত্র ব্যবহারের অধিকার।
- জাতীয় আরকাইভস পরিদর্শন ও নলেজ শেয়ারিং অধিকার।
- জাতীয় সংগ্রহ নিয়ে গবেষণা করার অধিকার।
- জাতীয় আরকাইভস কর্তৃক বিভিন্ন রাষ্ট্রীয় দিবসে আয়োজন করা প্রদর্শনী গ্যালারি পরিদর্শন করার অধিকার।
- জাতীয় আরকাইভসের বিশেষায়িত গ্রন্থাগার ব্যবহারের অধিকার।
- নথি ব্যবস্থাপনা সংক্রান্ত কোন বিষয়ে জাতীয় আরকাইভসের পরামর্শ গ্রহণের অধিকার।
- গবেষণা বা অন্য কোন প্রয়োজনে অর্থের বিনিময়ে জাতীয় আরকাইভসে সংরক্ষিত নথিপত্রের অনুলিপি প্রাপ্তির অধিকার।
- বিভিন্ন সামাজিক কার্যক্রমে জাতীয় আরকাইভসের শীততাপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম ভাড়া প্রদানের মাধ্যমে ব্যবহারের অধিকার।
- জাতীয় আরকাইভসে সংরক্ষিত সংবাদপত্রসমূহ ব্যবহারের অধিকার।

### জাতীয় আরকাইভসের সেবাসমূহ



(খ) **বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার দেশের নাগরিকদের যে সকল অধিকার নিশ্চিত করবে তা নিম্নরূপ:**

- বাংলাদেশে প্রকাশিত মৌলিক ও সৃজনশীল তথ্যসামগ্রী জাতীয় গ্রন্থাগারে স্থায়ী সংরক্ষণ সুবিধা গ্রহণ;
- বাংলাদেশে বিভিন্ন ভাষায় প্রকাশিত সৃজনশীল নতুন বই, পত্রপত্রিকা বিনামূল্যে জাতীয় গ্রন্থপঞ্জির (National Bibliography) মাধ্যমে দেশ-বিদেশে পরিচিত করে তোলার অধিকার;
- জাতীয় গ্রন্থাগারে কপিরাইট আইনে সংগৃহীত ও স্থায়ীভাবে সংরক্ষিত বই, ম্যাপ, পত্রপত্রিকা ও তথ্যসামগ্রী গবেষণা ও রেফারেন্স কাজে ব্যবহারের অধিকার;
- দেশে প্রকাশিতব্য সৃজনশীল প্রকাশনার জন্য আইএসবিএন (ISBN) প্রাপ্তির অধিকার;
- বরেণ্য ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পাণ্ডুলিপিসহ দুর্লভ ও বিশেষ সংগ্রহ (Rare & Special Collection) উত্তম অবস্থায় ব্যবহারের অধিকার;
- বাংলাদেশের সাহিত্য, শিল্প, সংস্কৃতি, কৃষ্টি, সভ্যতা এবং জ্ঞানভিত্তিক সমাজ গঠন ও তথ্যসেবা, পেশা সম্পর্কিত বিষয়ে কোন প্রদর্শনী, কর্মশালা, সেমিনার, প্রশিক্ষণ কোর্স, আলোচনা সভা, সম্মেলন ইত্যাদির জন্য জাতীয় গ্রন্থাগারের প্রদর্শনী গ্যালারি, শীততাপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম ও ভবনাঙ্গন নির্দিষ্ট নিয়ম মেনে ব্যবহার অধিকার;
- OPAC ও ডাটাবেজভিত্তিক অনলাইন তথ্যসেবা পাওয়ার অধিকার।

**জাতীয় গ্রন্থাগারের সেবাসমূহ**



## সংগ্রহে জাতীয় গ্রন্থাগার

### সংগ্রহ প্রকৃতি

জাতীয় গ্রন্থাগার সংগ্রহের বৈশিষ্ট্য হলো জাতির বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল মুদ্রিত উপাদান, বিশ্বমানের বৈদেশিক নতুন প্রকাশনা, দেশের সকল পত্র-পত্রিকা, ট্রাস্টেড সংগ্রহ ইত্যাদির সমন্বয়ে সকলের ব্যবহারযোগ্য সম্যক জাতীয় সংগ্রহশালা গড়ে তোলা। বর্তমানে নিম্নলিখিত শ্রেণির সংগ্রহ বিদ্যমান আছে:

- কপিরাইট আইনে দেশের বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল মুদ্রিত উপাদান
- ক্রয়কৃত দেশীয় বই, পত্র-পত্রিকা
- ক্রয়কৃত বিদেশী বিশ্বমানের বই
- জাতীয়, আঞ্চলিক পত্র-পত্রিকা ও সাময়িকী
- জাতীয় গ্রন্থাগারে ট্রাস্টেড দানকৃত সংগ্রহ
- সরকারি প্রকাশনা- ১৯০০ সাল থেকে
- কলকাতা গেজেট- ১৮০০ সাল থেকে
- পাকিস্তান ও বাংলাদেশ গেজেট
- পুরাতন ডিস্ট্রিক্ট গেজেটিয়ার
- দুর্লভ বই-পুস্তকের সংগ্রহ
- বিভিন্ন ধরনের পাণ্ডুলিপি
- উল্লেখযোগ্য সংখ্যক উর্দু, ফার্সি ও আরবি পুস্তকের সংগ্রহ।

### সংগ্রহের নীতিমালা

**সৌজন্য:** গ্রন্থস্বত্ব আইনে বাধ্যতামূলক জমাদান/সংগ্রহনীতি
বাংলাদেশের যে কোনো ভাষায় যে কোনো লেখক/প্রকাশক কর্তৃক মৌলিক ও সৃজনশীল প্রকাশিত (অনুবাদ/সংক-লনসহ) বইয়ের এক কপি।
বাংলাদেশে প্রকাশিত প্রত্যেকটি সাময়িকী/সংবাদপত্রের প্রথম সংখ্যার এক কপি।
সরকারি সংস্থার মৌলিক ও প্রথম প্রকাশনার এক কপি।

উল্লিখিত প্রকাশনা ছাড়াও দেশের শিল্প, সাহিত্য, সংস্কৃতি, ঐতিহ্য আলোকপাতকারী প্রকাশনা ও তথ্যসামগ্রী (নোট, গাইড, বিজ্ঞাপণ সর্বস্ব বই ইত্যাদি ব্যতীত) জাতীয় গ্রন্থাগার কর্তৃপক্ষ কর্তৃক সংগ্রহের জন্য বিবেচ্য।

**দান:** জাতীয় পর্যায়ে পুরস্কারের মাধ্যমে স্বীকৃত কোনো পণ্ডিত, বুদ্ধিজীবী, লেখক, সাহিত্যিক, সংস্কৃতিকর্মী, পেশাজীবী বা বিখ্যাত ব্যক্তিত্বের জীবনী ও সাহিত্যকর্ম সম্পর্কিত এবং বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারে গবেষকদের প্রয়োজনে দীর্ঘস্থায়ী সংরক্ষণের উপযোগিতা সম্পন্ন ব্যক্তিবর্গের সংগ্রহ অথবা কোনো প্রতিষ্ঠানের বিশেষ সংগ্রহ।

**বিনিময়:** বিনিময় হিসেবে প্রাপ্ত প্রকাশনাসমূহের প্রকৃতি ও জাতীয় গ্রন্থাগারে ব্যবহারের প্রয়োজনে স্থায়ী সংগ্রহের উপযোগিতা বিবেচনাপূর্বক সংগ্রহের অন্তর্ভুক্তকরণ।

**ক্রয়:**

- জাতীয় গ্রন্থাগারে গবেষক ও পাঠকদের সামগ্রিক প্রয়োজনে ও জাতীয়ভিত্তিক সংগ্রহের বৈচিত্র্য বৃদ্ধির জন্য দেশি-বিদেশি বই, পত্র-পত্রিকা, সাময়িকী ও জার্নাল সংগ্রহ করে।
- বিশ্বে বিশেষ করে এশিয়া মহাদেশভুক্ত দেশসমূহে জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখার উপর সর্বশেষ তথ্য সংবলিত/প্রতিনিধিত্বমূলক প্রকাশিত মানসম্পন্ন বই।

- বিদেশে প্রকাশিত যে কোনো লেখক কর্তৃক বাংলাদেশ সম্পর্কিত অথবা বাংলাদেশের লেখক কর্তৃক বিদেশে প্রকাশিত বিশেষ করে ইংরেজি ভাষার বই।
- বাংলাদেশের শিক্ষাব্যবস্থা/গবেষণা কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন বিষয়ের উপর ভিন্ন ভিন্ন দেশে নিয়মিতভাবে প্রকাশিত চলমান টেকনিক্যাল/পেশাগত সাময়িকী।
- নোবেল বিজয়ী লেখকদের এবং বিশ্ববিখ্যাত ব্যক্তিত্বের জীবনীমূলক বই এবং বিশ্বের বিভিন্ন দেশের নির্বাচিত জাতীয় শ্রেষ্ঠ পুরস্কারপ্রাপ্ত বই।
- বিভিন্ন রকম দুস্প্রাপ্য, মুদ্রণ বহির্ভূত, আরকাইভাল গুণসম্পন্ন বই, জার্নাল ইত্যাদি।

**সংগ্রহের পরিসংখ্যান**

গুণগত বৈশিষ্ট্যকে চলমান রেখেই সংগ্রহ গড়ে তোলা হয়। নিম্নে জাতীয় সংগ্রহের একটি পরিসংখ্যান দেয়া হলো:

**মোট সংগ্রহ সংখ্যা:** জাতীয় গ্রন্থাগারে সকল প্রকার সংগ্রহ মিলিয়ে প্রায় ৫,৫০,০০০(পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার)। সম্পূর্ণ প্রক্রিয়াকরণকৃত ও নিত্য ব্যবহারযোগ্য বই, পত্র-পত্রিকার সংখ্যা ০২ (দুই) লক্ষ-এর বেশি। বই ছাড়া বর্তমানে দীর্ঘস্থায়ীভাবে সংরক্ষিত তথ্যসামগ্রীর একটি চিত্র নিম্নরূপ:

- দৈনিক সংবাদপত্র (বাংলা)-------------১০৩টি শিরোনামের (১৯৬১-)
- দৈনিক সংবাদপত্র (ইংরেজি)-------------৩১টি শিরোনামের (১৯৫৭-)
- সাময়িকী (বাংলা)---------------------১৫০টি শিরোনামের (১৯৭২-)
- সাময়িকী (ইংরেজি) --------------------০৮টি শিরোনামের (১৯৯১-)
- ডিস্ট্রিক্ট গেজেটিয়ার (পুরাতন)----------৩০৯টি শিরোনামের (১৮৭৮-)
- ম্যাপ (বিভিন্ন শিরোনামের)------------১,৬৮০টি (১৮৯২-)
- মাইক্রোফিল্ম রোল/মাইক্রোফিস--------১,৫৫৯টি (১৮৭৫-)
- নিউজ ক্লিপিংস (৩০০০ শিরোনামের)-------৩১বান্ডিল (১৯৭১)

## সংবাদপত্র/সাময়িকী

১৮৮৫ সালের The Englishman সহ বিভিন্ন শিরোনামের বাংলা/ইংরেজি সংবাদপত্র ও সাময়িকী জাতীয় গ্রন্থাগারে সংগৃহীত রয়েছে। উল্লেখযোগ্য পুরনো পত্রিকাসমূহের মধ্যে দৈনিক আজাদ দৈনিক ইত্তেফাক, দৈনিক পাকিস্তান দৈনিক বাংলা, বাংলার বাণী, সংবাদ, পূর্বদেশ, The Statesman, Dawn, Observer, Morning News, Bangladesh Times, Pakistan Times ইত্যাদি।

## সরকারি প্রকাশনা

জাতীয় গ্রন্থাগারে উত্তরাধিকার সূত্রে তৎকালীন পূর্বপাকিস্তানে অবস্থিত কেন্দ্রীয় লাইব্রেরি থেকে প্রাপ্ত সরকারি প্রকাশনাসহ বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকাশিত/প্রদত্ত প্রকাশনাসমূহ ব্যবহারোপযোগীভাবে সংরক্ষণ করা হয়। যেমন: Linguistic Survey of India, বাংলাদেশের প্রথম বাজেট বিবরণী, পাকিস্তান আদম শুমারি ১৯৫১, ডিস্ট্রিক্ট গেজেটিয়ার, পাকিস্তানের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা ইত্যাদি।

## জার্নাল

দেশ বিদেশ থেকে প্রাপ্ত/সংগৃহীত বিভিন্ন পেশা/বিষয়ভিত্তিক উল্লেখযোগ্য সংখ্যক নির্বাচিত জার্নাল জাতীয় গ্রন্থাগারে বাঁধাইপূর্বক সংরক্ষণ করা হয়ে থাকে।

## ভাষা ও দেশভিত্তিক সংগ্রহ

বিশ্বের বিভিন্ন দেশে বিভিন্ন ভাষায় দেশ ভিত্তিক প্রকাশিত গ্রন্থ, সাময়িকী, বিভিন্ন জার্নাল ইত্যাদি জাতীয় গ্রন্থাগারে বিশেষ ব্যবস্থাপনায় সংরক্ষণ করা হয়। এজন্য জাতীয় গ্রন্থাগারে একটি বিদেশি কর্নার নির্দিষ্ট করা আছে। ইংরেজি ছাড়া বিদেশি ভাষায় প্রকাশিত সংগ্রহের মধ্যে উল্লেখযোগ্য হলো- গ্রিক, ব্রাজিল, হিন্দি, উর্দু, আরবি, ফ্রেঞ্চ, ফার্সী, জাপানিজ, চাইনিজ এবং কোরিয়ান ভাষায় প্রকাশিত বই ও জার্নাল।

## ম্যাপ

জাতীয় গ্রন্থাগারে ১৮৯২-২০১৩ সাল পর্যন্ত দেশ, জেলা, থানা, নদ-নদী , পৌরসভা , যোগাযোগ ও গাইড ম্যাপ ইত্যাদির মত বিভিন্ন বিষয়ের উপর প্রায় ১৭০০ ম্যাপ সংরক্ষিত আছে।

## মাইক্রোফিল্ম

Bengali Native Newspaper Reports এর ১৮৭৫-১৯২৬ সাল পর্যন্ত প্রায় ৫৯টি মাইক্রোফিল্ম রোল জাতীয় গ্রন্থাগারে সংরক্ষিত আছে।

## মাইক্রোফিস

জাতীয় গ্রন্থাগারে ১৯৮৫-১৯৯৩ সাল পর্যন্ত বিভিন্ন বিষয়ের প্রায় ২০টি মাইক্রোফিস রোল সংরক্ষিত আছে।

## দুষ্প্রাপ্য ও উল্লেখযোগ্য বই

- আলালের ঘরের দুলাল - শ্রী টেকচাঁদ ঠাকুর, ১২৬৫ সন
- ময়মনসিংহের বিবরণ- কেদারনাথ মজুমদার, ১৯০৭ সাল
- রাজবালা - রামকৃষ্ণ মুখোপাধ্যায়, ১২৭৭ সন
- বঙ্গদেশের বিশেষ বিবরণ - শশীভূষণ চট্টোপাধ্যায়, ১৯০২ সাল
- নব চরিত - রজনীকান্ত গুপ্ত, ১২৯৩ সন
- ইউছুফ জুলেখা
- হাতে লেখা পবিত্র কোরআন শরীফ, ১৭৫২ সাল
- Glimpses of Bengal – A Claude Campbell
- Nakshi Kantha of Bengal – Sila Basak

**(ক) জাতীয় আরকাইভস:**

**সময়সূচি:** সরকারি কর্মদিবসে সকাল ৯.০০ টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত বাংলাদেশ জাতীয় আরকাইভস খোলা থাকে। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন বন্ধ থাকে।

**সদস্যপদ:** জাতীয় আরকাইভসের নির্ধারিত সদস্য ফরম সংগ্রহ করে পূরণপূর্বক আবেদন করতে হবে।
**আবেদনপত্রের সাথে যা প্রয়োজন :**
১.সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি ০১ (এক) কপি।
২.জাতীয় পরিচয়পত্র অথবা অফিসিয়াল আইডির ফটোকপি ০১ (এক) কপি।
৩.পাসপোর্টের ফটোকপি (বিদেশিদের ক্ষেত্রে) ০১ (এক) কপি।
৪.সদস্য ফি বাবদ: ক) দেশি গবেষক-০১ (এক) দিনের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা। খ) দেশি গবেষক-০১ বছরের জন্য ১০০/- (একশত) টাকা। গ) বিদেশি গবেষক-২০০/-(দুইশত) টাকা। প্রতিটি সদস্য কার্ডের মেয়াদ ০১(এক) বছর। নবায়ন ফি প্রতি বছর ৫০/-(পঞ্চাশ) টাকা।

**ফটোকপি সেবা:** গবেষকদের সুবিধার্থে বই প্রতি পৃষ্ঠা ২/-, গেজেট প্রতি পৃষ্ঠা ৫/- ও পত্রিকা প্রতি পৃষ্ঠা ৫/-টাকা হারে ফি প্রদান সাপেক্ষে ফটোকপি সেবা গ্রহণ করা যায়।

**স্ক্যানিং ও প্রিন্টিং সেবা:** অতি পুরাতন ও দুষ্প্রাপ্য/দুর্লভ শ্রেণির তথ্যসামগ্রীর মধ্যে বইয়ের স্ক্যানিং ও প্রিন্টিং ফি প্রতি পৃষ্ঠা ৫/-টাকা, গেজেট প্রতি পৃষ্ঠা ১০/-টাকা, পত্রিকা প্রতি পৃষ্ঠা ১০/- টাকা এবং ক্যামেরা স্ন্যাপ প্রতি কপি ১০/- টাকা হারে ফি প্রদান করে সেবা গ্রহণ করা যায়।

**অডিটোরিয়াম ভাড়া:** জাতীয় আরকাইভস ভবনের আধুনিক মানের সুসজ্জিত শীততাপ নিয়ন্ত্রিত ৩০০ আসন বিশিষ্ট অডিটোরিয়ামটি পূর্ণ দিবস ১১৫০০/-(ভ্যাটসহ) এবং অর্ধ দিবস ৭৫৫০/-(ভ্যাটসহ) টাকা হারে ভাড়া দেয়া হয়।

## অবস্থান ও যোগাযোগ

| | |
|---|---|
| **পরিচালক**<br>আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী<br>আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।<br>**টেলিফোন:**+৮৮-০২-৯১৩৫৭০৯, ৯১২৯৯৯২<br>**ফ্যাক্স:**+৮৮-০২-৯১৩৫৭০৯, ৯১১৮৭০৪<br>www.nanl.gov.bd/www.nab.gov.bd<br>**e-mail:** nanldirector@gmail.com | **উপপরিচালক**(আরকাইভস)<br>জাতীয় আরকাইভস ভবন<br>আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী<br>আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।<br>টেলিফোন : ৯১৩৮০৫৩<br>**ফ্যাক্স:**+৮৮-০২-৯১৩৫৭০৯, ৯১১৮৭০৪<br>www.nanl.gov.bd/www.nab.gov.bd<br>**e-mail:** dd@nab.gov.bd |

## (খ) জাতীয় গ্রন্থাগার

**গ্রন্থাগার সময়:** রবিবার হতে বৃহস্পতিবার - সকাল ৯.০০টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত জাতীয় গ্রন্থাগার খোলা থাকে। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন জাতীয় গ্রন্থাগার বন্ধ থাকে।

**সদস্যপদ:** জাতীয় গ্রন্থাগারের নির্ধারিত সদস্য ফরম সংগ্রহ করে পূরণপূর্বক ৫০/-(পঞ্চাশ) টাকা সাধারণ পাঠক, ১০০/- (একশত) টাকা গবেষক ও ২০০/-(দুইশত) টাকা বিদেশি গবেষক সদস্যতা ফি জমা দিয়ে যে কেউ বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের সদস্য হতে পারেন। প্রতিটি সদস্য কার্ডের মেয়াদ ০১(এক) বছর। । সাধারণ পাঠক ২৫/- টাকা এবং গবেষক ৫০/- টাকা জমা দিয়ে সদস্যপদ নবায়ন করতে পারেন।

**ফটোকপি সেবা:** পাঠক ও গবেষকদের সুবিধার্তে বই প্রতি পৃষ্ঠা ২/-, গেজেট প্রতি পৃষ্ঠা ৫/- ও পত্রিকা প্রতি পৃষ্ঠা ৫/-টাকা হারে ফি প্রদান সাপেক্ষে ফটোকপি সেবা গ্রহণ করা যায়।

**স্ক্যানিং ও প্রিন্টিং সেবা:** অতি পুরাতন ও দুষ্প্রাপ্য/দুর্লভ শ্রেণির তথ্যসামগ্রীর মধ্যে বইয়ে স্ক্যানিং ও প্রিন্টিং ফি প্রতি পৃষ্ঠা ৫/-টাকা, গেজেট প্রতি পৃষ্ঠা ১০/-টাকা ও পত্রিকা প্রতি পৃষ্ঠা ১০/- টাকা হারে ফি প্রদান করে স্ক্যানিং ও প্রিন্টিং সেবা গ্রহণ করা যায়।

**আইএসবিএন বরাদ্দ সেবা:** লেখক ও প্রকাশকদের নিকট আলাদা কোডে আইএসবিএন বরাদ্দ দেয়া হয়ে থাকে। লেখকের জন্য ২০/-টাকা এবং প্রকাশকের জন্য ০৩টি কোডে (১) ১০টি ISBN এর একটি কোড ১০০/-(২) ১০০টি ISBN এর একটি কোড ১০০০/- (৩) ১০০০টি ISBN এর একটি কোড ৫০০০/-টাকা ফি প্রদান করে ISBN বরাদ্দ নেয়া যায়।

**অডিটোরিয়াম ভাড়া:** জাতীয় গ্রন্থাগার ভবনের সুসজ্জিত শীতাতাপ নিয়ন্ত্রিত অডিটোরিয়ামটি পূর্ণ দিবস ১১৫০০/-(ভ্যাটসহ)এবং অর্ধ দিবস ৫৭৫০/-(ভ্যাটসহ) টাকায় ভাড়া দেয়া হয়।

## অবস্থান ও যোগাযোগ


| | |
|---|---|
| **পরিচালক**<br>আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী<br>আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।<br>টেলিফোন: +৮৮-০২-৯১২৯৯৯২<br>ফ্যাক্স: +৮৮-০২-৯১১৮৭০৪,৯১৩৫৭০৯<br>www.nanl.gov.bd<br>e-mail: nanldirector@gmail.com | **চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক**<br>জাতীয় গ্রন্থাগার ভবন<br>আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী<br>আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।<br>টেলিফোন: ৮৮-০২-৯১২৭১৪২<br>ফ্যাক্স: +৮৮-০২-৯১৩৫৭০৯, ৯১১৮৭০৪<br>www.nanl.gov.bd<br>e-mail: ddnlbd@gmail.com |

# জাতীয় আরকাইভসের গবেষণা ও সদস্য ফরম

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
Directorate of Archives and Libraries
বাংলাদেশ জাতীয় আরকাইভস
**National Archives of Bangladesh**
গবেষণা করার জন্য আবেদনপত্র।
Application form for Research

গবেষকের ১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি
1(One) copy PP size picture of Researcher

পরিচালক / Director
বাংলাদেশ জাতীয় আরকাইভস, ঢাকা।
National Archives of Bangladesh, Dhaka.

মহোদয় / Sir

আমি আমার গবেষণার প্রয়োজনে জাতীয় আরকাইভসে সংরক্ষিত নথিপত্র দেখতে আগ্রহী। অনুগ্রহপূর্বক অনুমতি প্রদানে বাধিত করিবেন।
Kindly enroll me as a research scholar for consulting records Preserved in the National Archvies of Bangladesh.

নাম ঃ
Name :

## ব্যক্তিগত তথ্য / PERSONAL INFORMATION

| | | | | | |
|---|---|---|---|---|---|
| পিতার নামঃ Father's Name: | | মাতার নামঃ Mother's Name: | | | |
| শিক্ষাগত যোগ্যতাঃ Educational Qualification: | | পেশাঃ Profession : | | | |
| পদবী ঃ Designation: | | প্রতিষ্ঠানের নামঃ Name of Organization: | | | |
| প্রতিষ্ঠানের ঠিকানাঃ Organization Addr: | | | | | |
| ইমেইল ঃ Email : | | অফিসিয়াল ফোনঃ Official Phone: | | | |
| জাতীয়তাঃ Nationality: | | পাসপোর্ট নাম্বারঃ Passport No: | | | |
| জাতীয় পরিচয়পত্র নংঃ National ID No: | | জন্ম তারিখঃ Date of Birth: | | রক্তের গ্রুপ: Blood Group: | |

## বর্তমান ঠিকানাঃ/ Present Address:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রাম/বাড়ী নং- House No /Vill : | | পোঃ/রোড নং Road No /P.O : | | | |
| মোবাইল নাম্বারঃ Mobile Number: | | থানা/শহর ঃ City / Thana : | | জেলাঃ District: | |

## স্থায়ী ঠিকানাঃ / Permanent Address:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রাম/বাড়ী নং- House No /Vill : | | পোঃ/রোড নং Road No /P.O : | | | |
| থানা/শহর ঃ City / Thana : | | জেলা ঃ District: | | | |
| টেলিফোন নাম্বার Telephone : | | পোষ্ট কোড ঃ Post Code : | | বিভাগঃ Division : | |

## গবেষণার তথ্য / Research Information:

| | |
|---|---|
| গবেষণার বিষয়ঃ Field of Research: | |
| কি ধরনের নথিপত্র দেখতে আগ্রহী? Particular of records to be consulted: | |
| কতদিন গবেষণা করতে ইচ্ছুক? Period of Research: | |

আমি বাংলাদেশ জাতীয় আরকাইভসের প্রচলিত নিয়মানুযায়ী আমার গবেষণা বিষয়বস্তু ছাপানোর পর এক কপি জাতীয় আরকাইভসে জমা দিতে অংগীকার করিলাম
I agree to comply with the rules and conditions in force and promised to deposit a copy each of my work based on the materials consulted at the National Archives of Bangladesh immediately after its publication.

তারিখ / Date: dd mm yy

স্বাক্ষর / Sign

# জাতীয় গ্রন্থাগারের সদস্য ফরম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ন্যাশনাল লাইব্রেরি
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণী
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোন: ৯১২৯৯৯২,৯১২৭১৪২ ফ্যাক্স: ৯১১৮৭০৪, ৯১৩৫৭০৯
ই-মেইল: nanldirector@gmail.com ওয়েব সাইট: www.nanl.gov.bd

গবেষকের ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি

2 (two) copy PP size picture of Researcher

বরাবর / To
পরিচালক / Director
বাংলাদেশ ন্যাশনাল লাইব্রেরি
National Library of Bangladesh
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা / Directorate of Archives & Libraries, Dhaka.

মহোদয় / Sir

আমি বাংলাদেশ ন্যাশনাল লাইব্রেরির একজন সদস্য হওয়ার জন্য চাহিদা মোতাবেক আমার দু'কপি ছবিসহ নিম্নবর্ণিত তথ্যাদি পেশ করলাম / I hereby have furnished follwing necessary particulars along with tow photographs of mine for being a member the National Library of Bangladesh.

নাম ঃ
Name :

পিতার নাম ঃ
Father's Name:

মাতার নাম ঃ
Mother's Name:

## বর্তমান ঠিকানাঃ/ Present Address:

| | | | |
|---|---|---|---|
| গ্রাম/বাড়ী নং- House No /Vill : | | পোঃ/রোড নং- Road No /P.O : | |
| থানা/শহর ঃ City / Thana : | | জেলা ঃ District: | |

## স্থায়ী ঠিকানাঃ / Permanent Address:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রাম/বাড়ী নং- House No /Vill : | | পোঃ/রোড নং Road No /P.O : | | | |
| থানা/শহর ঃ City / Thana : | | জেলা ঃ District: | | | |
| টেলিফোন নং Telephone : | | পোষ্ট কোড ঃ Post Code : | | বিভাগ ঃ District : | |
| জন্ম তারিখ ঃ Birth Date : | | জাতীয়তাঃ Nationality: | | | |
| জাতীয় পরিচয়পত্র নংঃ National ID No: | | For Foreigner পাসপোর্ট নাম্বারঃ Pasport No.: | | | |
| ব্লাড গ্রুপ ঃ Blood Group: | | মোবাইল ঃ Mobile : | | | |

## ব্যাক্তিগত তথ্য / PERSONAL INFORMATION

| | | | |
|---|---|---|---|
| শিক্ষাগত যোগ্যতাঃ Educational Qualifi: | | পেশাঃ Profession : | |
| ইমেইল ঃ Email : | | অফিসিয়াল ফোনঃ Official Phone: | |

গবেষকদের ক্ষেত্রে গবেষণার বিষয়
Research topic of Researchers:

আমি প্রতিজ্ঞা করছি যে, সদস্য থাকাকালীন সময়ে আমি ন্যাশনাল লাইব্রেরির প্রচলিত বিধি ও নিয়ম শৃংখলা মেনে চলবো / I do Promise that I will abide by the rules and discipline of National Library during my membership.

সদস্যতা প্রদানের জন্য সুপারিশকৃত
Recommended for Membership

প্রতিষ্ঠান প্রধান/সরকারী প্রথম শ্রেণীর কর্মকর্তার স্বাক্ষর ও সীল
Seal of the Head of Instimation/First Class Govt. Gazeted Officer

আবেদনকারীর স্বাক্ষর/ Signature of the applicant
তারিখ/ Date:

## বিজ্ঞপ্তি

### কপিরাইট আইনে নতুন প্রকাশনা জমাদান

বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার নতুন প্রকাশনা জমাদানে নিম্নবর্ণিত বিষয়গুলো নিশ্চিত করে:

১। জাতীয় গ্রন্থাগারে কপিরাইট আইনে নতুন প্রকাশনা নিজ দায়িত্বে জমাদান দেশের আইনের প্রতি লেখক ও প্রকাশকগণের শ্রদ্ধাশীলতার পরিচয় বহন করে। এর ফলে লেখক ও প্রকাশকগণ দায়িত্বশীল লেখক, প্রকাশক ও সুনাগরিক হিসেবে গণ্য হন।

২। শীততাপ নিয়ন্ত্রিত সরকারি ব্যবস্থাপনায় প্রকাশনার স্থায়ীত্ব নিশ্চিত হয়।

৩। সরকারি ব্যবস্থাপনায় জাতীয় গ্রন্থপঞ্জির মাধ্যমে দেশ-বিদেশে সংশ্লিষ্ট প্রকাশনার পরিচিতি বৃদ্ধি পায় ও দেশের প্রকাশনা শিল্পে বাণিজ্যিকভাবে এক ইতিবাচক গতিশীলতা সৃষ্টি হয়। ফলে দেশের প্রকাশনা শিল্পের রপ্তানি আয় বৃদ্ধি পায়।

৪। দেশের বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের গবেষক ও তথ্যসেবা প্রত্যাশিদের জন্য সংশ্লিষ্ট প্রকাশনার ব্যবহার সুবিধা নিশ্চিত হয়।

৫। দেশের মানুষের মেধা মনন, বুদ্ধিবৃত্তিক চর্চা ও সাংস্কৃতিক চিন্তাভাবনা সংবলিত প্রকাশনার তথ্যাবলি জাতীয় গ্রন্থপঞ্জির মাধ্যমে বহির্বিশ্বে তুলে ধরা সম্ভব হয়।

৬। একটি নির্দিষ্ট সময়ে বাংলাদেশের ভূখণ্ডে যে পরিমাণ সৃজনশীল মৌলিক প্রকাশনা প্রকাশিত হয় তার একটি পরিসংখ্যান পাওয়া যায়।

উল্লেখ্য, দেশের কপিরাইট আইনের বাধ্যতামূলক জমাদান বিধির আলোকে নতুন প্রকাশনা (সংবাদপত্র প্রকাশ পাওয়া মাত্র ও বই প্রকাশের ৬০দিনের মধ্যে) জাতীয় গ্রন্থাগারে জমাদানের বিধান রয়েছে। কপিরাইট আইনের ৬৫ নং বিধি মতে উক্তরূপ বিধি লঙ্ঘনকারী প্রকাশকদের ১০০০/-(এক হাজার) পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডিত করার বিধান রয়েছে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

পরিচালক
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

# জাতীয় আরকাইভসের উপদেষ্টা পরিষদ

জাতীয় আরকাইভস আইন, ২০১৩ এর ৪ ধারায় অর্পিত ক্ষমতাবলে সরকার নিম্নলিখিত সদস্যগণের সমন্বয়ে জাতীয় আরকাইভস উপদেষ্টা পরিষদঃ

| | নাম/পদবি ও প্রতিষ্ঠান | পদমর্যাদা |
|---|---|---|
| ১. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২. | ড. আশা ইসলাম নাঈম, অধ্যাপক, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৩. | ড. মোহাম্মদ মাহবুবুল হক, অধ্যাপক, ইতিহাস বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৪. | ড. চিত্তরঞ্জন মিশ্র, অধ্যাপক, ইতিহাস বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৫. | ড. এ. কে. এম. জসীম উদ্দিন, অধ্যাপক, ইতিহাস বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৬. | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৭. | প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | প্রতিনিধি, উপসচিব-২, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর | সদস্য-সচিব |

০২। উক্ত পরিষদ জাতীয় আরকাইভস অধ্যাদেশ, ২০১৩-এর ৫ ও ৬ ধারার আলোকে সকল কার্য সম্পাদন করবে।

জাতীয় আরকাইভস উপদেষ্টা পরিষদের সভা প্রতি ৩ মাস পরপর অনুষ্ঠিত হয়। সভার সুপারিশের আলোকে জাতীয় আরকাইভস-এ সংগ্রহ ও সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়।

# ২০১৬-২০১৭ সালে অধিদপ্তরের কার্যক্রম ও অনুষ্ঠানের খণ্ডচিত্র




সংগৃহীত নথির প্রাথমিক পরিচর্যা।



জাতীয় আরকাইভসের রেকর্ড ব্যবস্থাপনা।



জাতীয় আরকাইভসের শীততাপ নিয়ন্ত্রিত গবেষণা কক্ষ।



জাতীয় আরকাইভসের অত্যাধুনিক স্ক্যানার মেশিন।



জাতীয় আরকাইভসের মাইক্রোফিল্ম মেশিন।




জাতীয় আরকাইভসের বাঁধাই কার্যক্রম।



জাতীয় গ্রন্থাগারের প্রসেসিং কার্যক্রম তদারক করছেন শাখা কর্মকর্তা।



বাঁধাইকৃত পুরনো পত্রিকার ডাটা এন্ট্রি তদারক করছেন শাখা কর্মকর্তা।



কপিরাইট আইনে প্রাপ্ত বইয়ের অ্যাকসেশন কার্যক্রম।



আইএসবিএন প্রদান কার্যক্রম।




কপিরাইট আইনে প্রাপ্ত বইয়ের বিবলিওগ্রাফিক ডাটা এন্ট্রি কার্যক্রম।



জাতীয় গ্রন্থাগারের ম্যাপ শাখার কার্যক্রম।



জাতীয় গ্রন্থাগারে সংরক্ষিত Linguistic Survey of India




শীততাপ নিয়ন্ত্রিত স্ট্যাকব্লকে সজ্জিত পুরনো তথ্যসামগ্রী।



জাতীয় গ্রন্থাগারের সার্ভার।



জাতীয় গ্রন্থাগারের অটোমেটিক বুক স্ক্যানার।




জাতীয় গ্রন্থাগারের আতিজ স্ক্যানার।



জাতীয় গ্রন্থাগারের শীততাপ নিয়ন্ত্রিত পাঠকক্ষ।



আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর পরিদর্শনে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি এবং সচিব জনাব মোঃ ইব্রাহীম হোসেন খান।



সাবেক আইনমন্ত্রী জনাব আব্দুল মতিন খসরু ও সুপ্রিম কোর্টের অন্যান্য কর্মকর্তা কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর হত্যা মামলার রায়ের কপি জাতীয় আরকাইভসে হস্তান্তর।




শ্রীলংকায় অনুষ্ঠিত SWARBICA-র সম্মেলনে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ।



ভারতে অনুষ্ঠিত Hardayal Municipal Heritage Public Library-এ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ।



পুস্তক প্রকাশক, লেখক, প্রকাশনা/গবেষণা সংস্থার সঙ্গে ISBN বিষয়ক মতবিনিময় সভা।



আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর পরিদর্শনে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব আক্তারী মমতাজ।




আন্তর্জাতিক মার্তৃভাষা ও শহিদ দিবসে সংস্কৃতি বিষয় মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ ইব্রাহীম হোসেন খানের নেতৃত্বে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ।




জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১১৮তম জন্ম বার্ষিকীতে কবির সমাধিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ।



২৬ মার্চ ২০১৭ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে বিশেষ প্রদর্শনী।




১৫ আগস্ট ২০১৬ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বিশেষ প্রদর্শনী।




জাতীয় শোক দিবস উপলক্ষে ধানমন্ডি ৩২-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন।



মহান বিজয় দিবস ২০১৬-উদ্‌যাপন উপলক্ষে অধিদপ্তরে জাতীয় পতাকা উত্তোলন।




'আন্তর্জাতিক আরকাইভস দিবস' ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে বেলুন উড়িয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি এবং সচিব জনাব মোঃ ইব্রাহীম হোসেন খান।




পহেলা বৈশাখ ১৪২৪ বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে বাঙালি সংস্কৃতির বিশেষ আলোকচিত্র প্রদর্শনী।




নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা, ২১-২২ ডিসেম্বর ২০১৬।



সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অফিসার্স ক্লাবে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি (সামনের সারিতে বামদিক থেকে ২য়)।




চট্টগ্রাম জেলা প্রশাসক এর কার্যালয়ে কপিরাইট আইনে মৌলিক প্রকাশনা জমাদান ও আইএসবিএন বিষয়ক মতবিনিময় সভা।



সিলেট জেলা প্রশাসক ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের সাথে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদলের নথি সংরক্ষণ ও জাতীয় আরকাইভসে নথি প্রেরণ বিষয়ক মতবিনিময় সভা।

পরিশিষ্ট-ক

## জাতীয় আরকাইভসের ডিজিটাইজেশন কার্যক্রমের পরিসংখ্যান

জুলাই/২০১৬-জুন/২০১৭ সালের বাংলাদেশ জাতীয় আরকাইভস এর স্ক্যান/ডিজিটাইজেশন কার্যক্রমের পরিসংখ্যান নিম্নরুপ

| মাসের নাম | স্ক্যানকৃত ডাটার পরিসংখ্যান | | ডাটা এডিটিং | সার্ভারে ডাটা সংরক্ষণ | ডিভিডিতে ডাটা সংরক্ষণ | গবেষণা সেবা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| জুলাই/'১৬ | নথির বিবরণ | পরিমাণ (ইমেজ) | প্রতিটি সংখ্যা (ইমেজ) | প্রতিটি সংখ্যা (ইমেজ) | প্রতিটি সংখ্যা (ইমেজ) | ঢাকা কমিশন অফিস |
| | পত্রিকা | ২৬৭৫ | - | - | ০৬ টি | |
| | জেলা রেকর্ডস | ১১০০ | | | | |
| | গবেষকদের জন্য স্ক্যান | - | | | | |
| আগস্ট/'১৬ | পত্রিকা | ২১৭০ | ৬৯০ | - | ১৫টি | - |
| | জেলা রেকর্ডস | ৩০০ | | | | |
| | গবেষকদের জন্য স্ক্যান | - | | | | |
| সেপ্টেম্বর/'১৬ | পত্রিকা | - | ৪৬০ | - | ০৬টি | ঢাকা কমিশন অফিস |
| | জেলা রেকর্ডস | - | | | | |
| | গবেষকদের জন্য স্ক্যান | ৩০০ | | | | |
| অক্টোবর/'১৬ | পত্রিকা | - | - | ১৭০৫ | - | বিভিন্ন সালের আজাদ পত্রিকার মাধ্যমে সেবা |
| | জেলা রেকর্ডস | ৫৭০ | | | | |
| | গবেষকদের জন্য স্ক্যান | | | | | |
| নভেম্বর/'১৬ | পত্রিকা | ৩৯০৩ | - | - | ০১টি | ঢাকা কমিশন অফিস |
| | জেলা রেকর্ডস | ১৭৮ | | | | |
| | গবেষকদের জন্য স্ক্যান | - | | | | |
| ডিসেম্বর/'১৬ | পত্রিকা | - | - | ২৩৫১ | - | ১৯৭১-৭৫ সালের বিভিন্ন পত্রিকার মাধ্যমে সেবা |
| | জেলা রেকর্ডস | ১৫৬৩ | | | | |
| | গবেষকদের জন্য স্ক্যান | - | | | | |
| জানুয়ারি/'১৭ | পত্রিকা | - | ৩৬৩৩ | ৩৩৭২ | - | |
| | জেলা রেকর্ডস | - | | | | |
| | গবেষকদের জন্য স্ক্যান | - | | | | |
| ফেব্রুয়ারি/'১৭ | পত্রিকা | - | ৪৬০৯ | ৪৯৯৪ | - | - |
| | জেলা রেকর্ডস | - | | | | |
| | গবেষকদের জন্য স্ক্যান | - | | | | |
| মার্চ/'১৭ | পত্রিকা | ১০৯৮১ | - | ৫৫৯৮ | - | ১৯৭১ সালের বিভিন্ন পত্রিকার মাধ্যমে সেবা |
| | জেলা রেকর্ডস | ২৩৮০৯ | | | | |
| | গবেষকদের জন্য স্ক্যান | - | | | | |
| এপ্রিল/'১৭ | পত্রিকা | ১০১০৪ | - | ৩৮০২৮ | - | - |
| | জেলা রেকর্ডস | ১৭১০৫ | | | | |

# পরিশিষ্ট-খ

## জাতীয় গ্রন্থাগারের ডিজিটাইজেশন কার্যক্রমের পরিসংখ্যান

২০১৬-১৭ সালের বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের স্ক্যান/ডিজিটাইজেশন কার্যক্রমের পরিসংখ্যান নিম্নরূপ:

| মাসের নাম | বাঁধাইকৃত সংবাদপত্র (ইমেজ সংখ্যা) |
|---|---|
| জুলাই-২০১৬ | ১০৩১০ |
| আগস্ট-২০১৬ | ১১৯৫৯ |
| সেপ্টেম্বর-২০১৬ | ৬৮৭৮ |
| অক্টোবর-২০১৬ | ১০০৩৮ |
| নভেম্বর-২০১৬ | ১৪৬৪০ |
| ডিসেম্বর-২০১৬ | ৭৩৭০ |
| জানুয়ারি-২০১৭ | ১১০৫২ |
| ফ্রেব্রুয়ারি-২০১৭ | ৭১৯৯ |
| মার্চ-২০১৭ | ৯৫১৯ |
| এপ্রিল– ২০১৭ | ১৫০০০ |
| মে –২০১৭ | ১১৪৫৪ |
| জুন-২০১৭ | ১০২৮২ |
| সর্বমোট | ১২৫৭০১ |

জুলাই ২০১৬ হতে জুন ২০১৭ সালের সর্বমোট স্ক্যানকৃত ইমেজ সংখ্যা = ১২৫৭০১ (এক লক্ষ পঁচিশ হাজার সাতশত এক) টি।

## পরিশিষ্ট-গ

# এপিএ (APA) প্রতিবেদন

## আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক প্রকৃত অর্জনের প্রতিবেদন (জুলাই'১৬- জুন'১৭)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strateigc Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা (২০১৬-১৭) | বার্ষিক প্রকৃত অর্জন (জুলাই '১৬-জুন'১৭) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| **আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | |
| ১। বুদ্ধিবৃত্তিক প্রকাশনার সমন্বয়ে জাতীয় তথ্যভাণ্ডার গড়ে তোলা। | ৩৫ | ১.১ নতুন ও মৌলিক প্রকাশনা সংগ্রহ | ১.১.১. সংগৃহিত প্রকাশনা | সংখ্যা | ১২ | ৬০০০ | ৬,২১৪ | -- |
| | | ১.২ গবেষক/ পাঠক সেবা | ১.২.১. গবেষক/ পাঠক আগমন | জন | ১০ | ১৮৫০০ | ১৯,১২২ | -- |
| | | ১.৩. ISBN নম্বর প্রদান | ১.৩.১. ইস্যুকৃত ISBN | সংখ্যা | ১৩ | ৯০০০ | ৮,৭৩০ | ISBN বরাদ্দদান পুস্তক প্রকাশের উপর নির্ভরশীল। |
| ২। ঐতিহাসিক ডকুমেন্ট সংগ্রহ ও সংরক্ষণ। | ৩০ | ২.১. ঐতিহাসিক নথিপত্র/ দলিলাদি সংগ্রহ | ২.১.১. সংগৃহিত নথিপত্র/ দলিল | নথির সংখ্যা | ১২ | ৬৫০ | ৩,২৩৯ | রানা প্লাজা হতে একসাথে ৩১৮২ ফাইল পাওয়া যায়। |
| | | ২.২. বই/নথি/পত্রিকা বাঁধাই | ২.২.১. বই/রেকর্ড/ নথি / পত্র- পত্রিকা বাঁধাই | সংখ্যা | ১০ | ১৫০০ | ১,৭৯৯ | -- |
| | | ১.৩. গবেষণা ও রেফারেন্স সেবা | ২.৩.১. গবেষক আগমন | জন | ৮ | ৫৭৫ | ৬০১ | -- |
| ৩। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি। | ১৫ | ৩.১. তথ্যসামগ্রীর (ডাটা এন্ট্রি) অটোমেশন | ৩.১.১. বই,নথি ও পত্রিকা অটোমেশন | সংখ্যা | ৯ | ৯৫০০ | ৯৬০৭ | -- |
| | | ৩.২. তথ্যসামগ্রীর(স্ক্যানিং) ডিজিটাইজেশন | ৩.২.১. বই,নথি ও পত্রিকা ডিজাটাইজেশন | ইমেজ সংখ্যা | ৬ | ২,৫০,০০০ | ২,৮৮,১৯১ | |

পরিশিষ্ট-ঘ

# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) বার্ষিক প্রতিবেদন (২০১৬-২০১৭)

## মন্ত্রণালয়/ বিভাগের নাম: আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

| ২০১৬-২০১৭ অর্থবছরে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট | বিবেচ্য বছরে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পত্র /দরখাস্তযোগে | অনলাইনে | | | | | |
| ১৩টি | শূন্য | ১৩টি | ১০টি | ৩টি | ১) লাইব্রেরি পাঠকক্ষের সময় বৃদ্ধি করা (শনিবারসহ সকাল ৮-রাত ৯টা)<br>২) ক্যান্টিন ও স্টাডিকক্ষ চালু করা।<br>৩) পাঠকক্ষে চাকরি প্রত্যাশীদের উপযোগী বই, পর্যাপ্ত সংখ্যক রেফারেন্স বই, ম্যাগাজিন ও বিদেশি পত্রিকা রাখার ব্যবস্থা করা। | নীতি নির্ধারণী ও আর্থিক সংশ্লেষ থাকায় নিষ্পত্তি করা সম্ভব হয়নি। তবে অনুমোদন ও আর্থিক বরাদ্দ সাপেক্ষে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। |

## পরিশিষ্ট-ঙ

## শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | সংক্ষিপ্ত শব্দ | পূর্ণরূপ |
|---|---|---|
| 1. | আ | আরকাইভস |
| 2. | লা | লাইব্রেরি |
| 3. | **ACCU** | Asia-Pacific Cultural Centre for UNESCO |
| 4. | **APA** | Annual Performance Agreement |
| 5. | **APIN** | Asia Pacific Information Network |
| 6. | **BNB** | Bangladesh National Bibliography |
| 7. | **CDNLAO** | Conference of Directors of National Libraries of Asia and Oceania |
| 8. | **GRS** | Grievance Redress System |
| 9. | **KPI** | Key Point Installation |
| 10. | **IFLA** | International Federation of Library Associations and Institutions |
| 11. | **ISBN** | International Standard Book Number |
| 12. | **LAN** | Local Area Network |
| 13. | **OPAC** | Online Public Access Catalogue |
| 14. | **SWARBICA** | South and West Asian Regional Branch of the International Council on Archives |
| 15. | **www** | World Wide Web |
| 16. | **WAN** | Wide Area Network |
| 12. | **Wi-Fi** | Wireless Fidelity (Wirless Internet) |